

জর্জিয়ায় রুশপন্থী সরকারের বিরুদ্ধে ব্যাপক বিক্ষোভ

সারে-জমিন



মূল্যবোধের শিক্ষায় আরও এগিয়ে আসার আহ্বান নুরুল ইসলামের

রূপসী বাংলা



এরদোগান কি পারবেন ট্রাম্পের সঙ্গে কৌশলে বন্ধুত্ব গড়তে

সম্পাদকীয়



মাধ্যমিক ২০২৫ : শেষ মুহূর্তের প্রস্তুতি

স্টাডি পয়েন্ট




পাকিস্তানের বিপক্ষে ম্যাচকে গুরুত্বপূর্ণ মানতে নারাজ গম্ভীর

খেলতে খেলতে


# আপনজন

বাংলা দৈনিক সংবাদপত্র
Daily APONZONE

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

মঙ্গলবার
৪ ফেব্রুয়ারি, ২০২৫
২১ মাঘ ১৪৩১
৫ শাবান ১৪৪৬ হিজরি
সম্পাদক
জাইদুল হক

Vol.: 20 ■ Issue: 34 ■ Daily APONZONE ■ 4 February 2025 ■ Tuesday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 8 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com


প্রথম নজর

## মহাকুম্ভে পদপিষ্ট হয়ে নিহতদের দেহ নদীতে ফেলে দেওয়া হয়েছে, দাবি জয়া বচ্চনের



**আপনজন ডেস্ক:** সমাজবাদী পার্টির সাংসদ জয়া বচ্চন সোমবার অভিযোগ করেছেন, উত্তরপ্রদেশের প্রয়াগরাজে যেখানে চলমান মহাকুম্ভে হাজার হাজার মানুষ ডুব দিচ্ছেন, সাম্প্রতিক পদপিষ্ট হয়ে মৃতদের কয়েক হাজার দেহ সেই গঙ্গা নদীতে ফেলে দেওয়ার কারণে অত্যন্ত দূষিত হয়ে উঠেছে। রাজ্যসভার সাংসদ জয়া বচ্চন আরও দাবি করেন, সরকার পদপিষ্ট হয়ে মৃত্যুর প্রকৃত পরিসংখ্যান সরবরাহ করুক। হিন্দুদের জন্য একটি পবিত্র অনুষ্ঠান, মহা কুম্ভ ১৩ জানুয়ারি শুরু হয়েছিল এবং ২৬ ফেব্রুয়ারি শেষ হবে। গত ২৯ জানুয়ারি মৌনি অমাবস্যা উপলক্ষে 'অমৃত স্নান' চলাকালীন গঙ্গা, যমুনা ও পৌরাণিক সরস্বতীর সঙ্গমস্থল সঙ্গমে স্নান করার জন্য ব্যারিকেড ভেঙে জায়গার জন্য হুড়োহুড়ি করলে অন্তত ৩০ জনের মৃত্যু হয় বলে সরকার জানায়। সংসদের বাইরে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় জয়া বচ্চন বলেন, এই মুহূর্তে জল সবচেয়ে দূষিত কোথায়? এ বিষয়ে কেউ কোনো ব্যাখ্যা দিচ্ছে না। পদপিষ্ট হয়ে মৃতদের লাশ নদীতে ফেলে দেওয়া হয়েছে, যার কারণে জল দূষিত হয়ে গেছে। এই জলই সেখানকার মানুষ ব্যবহার করছেন। এ বিষয়ে কেউ কোনো ব্যাখ্যা দিচ্ছে না। তিনি বলেন, দেশের আসল সমস্যাগুলোর সুরাহা হচ্ছে না। সাধারণ মানুষ যারা কোনো ভিআইপি চিকিৎসা পান না তাদের জন্য কোনো ব্যবস্থা করা হয়নি। রাজ্য সরকারের কাছে কী চাইছেন, এই প্রশ্নের উত্তরে অভিনেত্রী-রাজনীতিবিদ বলেন, কুম্ভে যা ঘটেছে সে সম্পর্কে অন্তত আমাদের সত্যিটা বলুন। তাদের (সরকার) এ বিষয়ে সংসদে কথা বলা উচিত। যোগী সরকার ইতিমধ্যেই পদপিষ্ট হওয়ার ঘটনার তদন্ত শুরু করেছে বলে এক সাংবাদিক উল্লেখ করলে জয়া বচ্চন বলেন, কী তদন্ত চলছে? দেশে অনেক তদন্ত হয়। তারা কি কখনো উপসংহার টানে না? কুম্ভে এখন যা ঘটছে, সত্যিই কি তদন্তের প্রয়োজন আছে? তারা লাশগুলো তুলে জলে ফেলে দিয়েছে।

# ওবিসি কোটায় চাকরি পাওয়া প্রার্থীদের চাকরি বাতিলের নতুন আর্জি খারিজ সুপ্রিম কোর্টে

**আপনজন ডেস্ক:** পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণি (তফসিলি জাতি ও উপজাতি ব্যতীত) আইনের অধীনে অন্যান্য অনগ্রসর শ্রেণি (ওবিসি) হিসাবে শ্রেণিবদ্ধ করা ৭৭টি সম্প্রদায়কে বাতিল ঘোষণা করা কলকাতা হাইকোর্টের রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে মূল মামলা চলছে। সেই মামলার শুনানি আগামী ১৮ ফেব্রুয়ারি। যার কেস নম্বর এসএলপি (সি) নং: ০১৭৭৫৫-০১৭৭৫৫/২০২৪। সেই মূল মামলার শুনানির আগে আরও আরও একটি মামলা করেন জনৈক অবন কুমার ঘোষ, যার ডায়েরি নম্বর ৯৯৪/২০২৫। গত ৬ জানুয়ারিতে আবেদন করা সেই আর্জি তালিকাভুক্ত হয় ৩১ জানুয়ারি। কিন্তু সেই মামলাটি আর শুনতে চাইল না সুপ্রিম কোর্ট। মামলার আর্জি খারিজ করে দিল। আর এই মামলা খারিজ নিয়ে ব্যাপক প্রচার চলছে যে সুপ্রিম কোর্টে ওবিসি মামলা খারিজ হওয়ায় কলকাতা হাইকোর্টের দেওয়া রায়কেই বহাল করে দিয়েছে। বাস্তবে তা নয়, মূল মামলা সুপ্রিম কোর্টের যে বেঞ্চে চলছিল সেই বিচারপতি বি আর গাভাই এবং বিচারপতি অগাস্টিন জর্জ মসিহের ডিভিশন বেঞ্চে নতুন আর্জি জানিয়েছিলেন অবনকুমার ঘোষ। তাতে পার্টি করা হয়েছিল পশ্চিমবঙ্গ সরকার, পশ্চিমবঙ্গ



অনগ্রসর শ্রেণি কমিশন এবং সুপ্রিম কোর্টে ওবিসি নিয়ে মূল মামলাকারী অমলকুমার দাসকে। সেই মামলার আর্জি গত ৩১ জানুয়ারি খারিজ করে দিয়েছে সুপ্রিম কোর্টের বিচারপতি বি আর গাভাই এবং বিচারপতি অগাস্টিন জর্জ মসিহের ডিভিশন বেঞ্চ। এ সম্পর্কে এই মামলার আবেদনকারীদের ঘনিষ্ঠ মহল নিজেরাই সোশ্যাল মিডিয়ায় জানিয়েছে, প্রথা অনুযায়ী, মামলাটি গ্রহণ করার পর সেই সংক্রান্ত পুরনো কেসের সঙ্গেই ট্যাগ করে দেওয়ায় কথা। কিন্তু মামলাটি শুনানির পর সুপ্রিম কোর্টের ডিভিশন বেঞ্চ রায় দেয়, তারা ওবিসি মামলা নিয়ে কলকাতা হাইকোর্টের রায়ে হস্তক্ষেপ করবে না। নতুন করে কলকাতা হাইকোর্টের রায়ের বিরুদ্ধে মামলা শোনা হবে না। একইসাথে এই নতুন মামলাটি খারিজ করে দেওয়ার ঘোষণা দেয়। আসলে নতুন করে মামলা গ্রহণ করতে চায়নি সুপ্রিম কোর্ট। কারণ, ইতিমধ্যে ওবিসি নিয়ে বিভিন্ন ব্যক্তি ও সংগঠনের আর্জিগুলো সংশ্লিষ্ট করে দেওয়া হয়েছে মূল মামলার সঙ্গে। মূল মামলাটি পশ্চিমবঙ্গ সরকার বনাম অমলচন্দ্র দাসের হলেও তাতে এ সম্পর্কিত আরও আটটি মামলা যুক্ত করা হয়েছে। তারা হল: ওয়েস্টবেঙ্গল কমিশন ফর ব্যাকওয়ার্ড ক্লাস, বেঙ্গল মাদ্রাসা এডুকেশন ফোরাম, সেখ সেরাফুদ্দিন, তুহিনা পারভিন, নওশাদ সিদ্দিকী, মোস্তাফিজুর রহমান, তায়েদুল ইসলাম ও আত্মদীপ। সেই মামলার শেষ শুনানি হয়েছিল গত ৭ জানুয়ারি। সুপ্রিম কোর্টের কেস লিস্ট অনুযায়ী পরবর্তী শুনানি ১৮ ফেব্রুয়ারি। সেই মামলার নিষ্পত্তি না হওয়া সত্ত্বেও নতুন আর্জি সুপ্রিম কোর্টে খারিজ হওয়ায় সুকৌশলে প্রচার চালানো হচ্ছে সুপ্রিম কোর্ট মামলায় কলকাতা হাইকোর্টের রায়কেই বহাল রাখায় রাজ্য সরকারকে বড় ধাক্কা খেল, ওবিসি নিয়ে সুপ্রিম কোর্টের বড় সিদ্ধান্ত ইত্যাদি। অথচ, এই মামলাটি সুপ্রিম কোর্টে মূল মামলার সঙ্গে সংশ্লিষ্ট করা হয়নি এবং এই মামলার আর্জিটি মূল মামলার আর্জি থেকে খানিকটা আলাদা। সূত্রের খবর, কলকাতা হাইকোর্টের রায়ে অনগ্রসর শ্রেণি (ওবিসি) হিসাবে শ্রেণিবদ্ধ করা ৭৭টি সম্প্রদায়কে বাতিল ঘোষণায় সন্তুষ্ট থাকতে চাইছে না আত্মদীপের মতো সংখ্যালঘু বিরোধী সংগঠনগুলো তোদের ঘনিষ্ঠ মহলে প্রচার শুরু করেছে। যেহেতু রাজ্য সরকারের তরফে কপিল সিব্বালের মতো জাঁদরেল আইনজীবীকে মূল ওবিসি মামলায় শামিল করা হয়েছে, তাই তাদের আশঙ্কা সুপ্রিম কোর্ট কলকাতা হাইকোর্টের রায়ের উপর স্থগিতাদেশ জারি করতে পারে। সেক্ষেত্রে তারা আগাম সতর্কতা হিসেবে আরও এক ধাপ এগিয়ে নতুন মামলার আর্জি জানায়। সূত্রে জানা গেছে, ওই আর্জিতে বলা হয়েছিল, কলকাতা হাইকোর্ট রাজ্যের ৭৭টি ওবিসি তালিকাভুক্তকে বাতিল ঘোষণা করেছে। তাই কলকাতা হাইকোর্টের রায় অনুসরণ করে এতদিন এই ৭৭টি ওবিসি শ্রেণিভুক্ত যতজন পশ্চিমবঙ্গ সরকারের চাকরি করছেন তাদের চাকরি বাতিল করা হোক। এই দাবি তারা প্রকাশ্যে করে আসছে বেশ কিছুদিন দরে। সেই দাবির মান্যতা দিতে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিলেন সংঘ পরিবার ঘনিষ্ঠরা। সুপ্রিম কোর্ট সেই আর্জি শুনতে না চেয়ে তা খারিজ করে দেয়। আর আর্জি খারিজ করার পিছনে কলকাতা হাইকোর্টের রায়ের প্রসঙ্গ টানায় সেটাকে সুপ্রিম কোর্টে ওবিসি মামলা খারিজ ও কলকাতা হাইকোর্টের রায়কে বহাল রাখা হল বলে জোরকদমে প্রচারণা চালানো হচ্ছে।

## বিহারে থানার মধ্যে ইমামকে মারধর, তীব্র নিন্দা তেজস্বী যাদবের

**আপনজন ডেস্ক:** বিহারের মধুবনী জেলায় এক ইমামকে পুলিশি হেফাজতে মারধরের অভিযোগে পাঁচ পুলিশকর্মীকে সাসপেন্ড করা হয়েছে। মধুবনীর পুলিশ সুপার যোগেন্দ্র কুমার জানিয়েছেন, বেনিপট্টি থানার এসএইচও, একজন হাবিলদার, একজন কনস্টেবল ও দুই চৌকিদারকে সাসপেন্ড করা হয়েছে।
এ ব্যাপারে পুলিশ সুপারের দাবি, অভিযোগকারী ইমাম মহম্মদ ফিরোজের অভিযোগ, ২৯ জানুয়ারি তাকে মারধর করে পুলিশ। পুলিশ সুপার দাবি করেন, মোটরসাইকেলের কাগজপত্র দেখাতে বললে দ্রুত পালানোর চেষ্টা করায় তাকে আটক করে থানায় রাখা হয়। তবে কোনো শারীরিক নির্যাতনের ঘটনা ঘটেনি। তা সত্ত্বেও পুলিশ সদস্যদের গাফিলতি ধরা পড়েছে, যার জন্য বিভাগীয় ব্যবস্থা নেওয়া জরুরি হয়ে পড়েছে জানিয়ে তিনি বলেন, দু'চাকার গাড়ি পিছলে যাওয়ার পর ফিরোজ সামান্য আহত হন। পুলিশ সুপার বলেন, ওকে ধরার সময় পুলিশের বলপ্রয়োগের সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না। পরিবারের সদস্যরা কাগজপত্র নিয়ে থানায় আসার পর ছেড়ে দেওয়া ফিরোজ সাংবাদিকদের কাছে তার কষ্টের বর্ণনা দিয়েছিলেন, যার একটি ভিডিও ক্লিপ সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। ভিডিওতে অশ্রুসিক্ত ইমাম ফিরোজ বলেন, 'তারা আমার চুল ও দাড়ি ধরে টানাটানি



করছিল। আমার উপর চড় থাপ্পড় মারা হয়। আর লাঠি দিয়ে এত মারছিল যে সেটি ভেঙে যায়। তারা আমাকে জিজ্ঞেস করে আমি চোর কিনা। আমি বলি, না স্যার, আমি স্থানীয় মসজিদে ইমামতি করার চাকরি করি। তখন পুলিশ অফিসার তারা পাল্টা জবাব দেন, তাহলে আপনি আল্লাহর কাছে দোয়া করবেন? এখন একমাত্র তিনিই আপনাকে বাঁচাতে পারেন।'
অভিযোগ ডিএসপি ফিরোজকে বলেন, 'মৌলবিগিরি' আজ শেষ হবে। ফিরোজ বলেন, ২৫ হাজার টাকা না দেওয়া পর্যন্ত আমাকে ছেড়ে দেওয়া হয়নি। আমার ভয় লাগছে। আমি ভাবছি যে আমি কোন ধরণের দেশে বাস করছি। তবে এসপির দাবি, পিআর বন্ডে ফিরোজকে ছেড়ে দেওয়া হয়েছে। তিনি বলেন, এই পরিস্থিতিতে ফিরোজের স্বাস্থ্য পরীক্ষা করাতে পারেনি পুলিশকর্মীরা। পুলিশ সুপার বলেন, বেনিপট্টি থানার দায়িত্ব পাওয়া এক শিক্ষানবিশ আইপিএসকেও বদলি করা হয়েছে। এদিকে, আরজেডি নেতা তেজস্বী যাদব বলেন, এই ঘটনাটি যে রাজ্যে ঘটেছে য়েখানে বিজেপি ও নীতীশ কুমার জোটের সরকার, যারা মুসলমানদের প্রতি বিদ্বেষ ছড়ায়।


আশ শিফা ইনস্টিটিউট অফ নার্সিং

❑ জগন্নাথপুর ❑ সহরার হাট ❑ ফলতা ❑ দঃ ২৪ পরগণা পিন- ৭৪৩৫০৪

মেয়েদের সুরক্ষা আমাদের কাছে অগ্রগণ্য।
এবং একই ক্যাম্পাসে হাসপাতাল ও নার্সিং স্কুল



আর ভিন রাজ্যে নয়!
মেয়েদের নার্সিং স্কুল
এখন
ফলতার সহরারহাটে



২০২৪-২৫ বর্ষে
GNM
কোর্সে
ভর্তি চলছে

- অভিজ্ঞ প্রফেসর ডাক্তার দ্বারা পরিচালিত।
- আধুনিক সুসজ্জিত ল্যাবরেটরি, লাইব্রেরি।
- ১০০ বেড সমৃদ্ধ নিজস্ব হাসপাতালে প্রশিক্ষণের ব্যবস্থা।
- জেলায় প্রথম একই ক্যাম্পাসে হাসপাতাল ও নার্সিং স্কুল।
- উন্নত পরিকাঠামোযুক্ত সুপরিসর ভবন।

অন্য প্রতিষ্ঠানের তুলনায় অনেক
কম কোর্স ফিজ - 2.5 লাখ

স্কলারশিপ, স্টুডেন্ট ক্রেডিট কার্ডের ব্যবস্থা আছে

যোগাযোগ
6295 122 937
9732 589 556
www.ashsheefahospital.com

ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল অনুমোদিত

সায়েন্স / আর্টস / কমার্স---
যেকোন স্ট্রিমে HS-এ
40% নম্বর পেলেই ভর্তি হতে পারবেন

ডাঃ ফারুক উদ্দিন পুরকাইত (ডিরেক্টর), MBBS, MD, Dip Card

**প্রথম নজর**

## ৩০০ বছরের পুরনো সরস্বতী মন্দিরে পুজো



**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**

**আপনজন:** এ যেন এক অন্য ধরনের সরস্বতী পুজো। যে সরস্বতী পূজোয় প্যান্ডেল, থিম ছাড়াই দেবী সরস্বতী পূজিত হচ্ছেন স্থায়ী মন্দিরে এবং নিজস্ব বেদীতে। এই রকম সরস্বতী পুজো বীরভূমের আর কোথাও হয় না বলে দাবি পুজো উদ্যোক্তাদের। শুধুমাত্র সরস্বতী নয় আজকের এই সরস্বতী পুজোর দিনে সরস্বতীর সাথে একই বেদীতে পূজিত হন দেবী লক্ষী ও মা ভগবতী। তবে এই সরস্বতী পুজোর এবং সরস্বতী তলার মন্দিরের এ সূচনা করেছিলেন সেটা আজও অজানা উদ্যোক্তাদের। এমনই এক ভিন্ন ধরনের সরস্বতী পুজো হয়ে আসছে ৩০০ বছর ধরে বীরভূমের চন্দ্রপুর থানার তাঁতিপাড়া চন্ডীনগর পাড়ায়। বর্তমানে পাড়ার বাসিন্দারাই এই পূজোর দায়িত্ব কাঁধে তুলে নিয়েছেন। স্বভাবতই তাঁতিপাড়া চন্ডীনগর পাড়ার সরস্বতী মন্দিরের সরস্বতী পুজো আজও তার নিজস্ব মহিমায় ভক্তি শ্রদ্ধা ও নিষ্ঠার সাথে পূজিত হয়ে আসছেন।


## ঔষধের দোকানে চুরি বোলপুরে



**আমীরুল ইসলাম ● বোলপুর**

**আপনজন:** সাতসকালে ওষুধে দোকানে ক্যাশবক্স থেকে টাকা চুরি। বোলপুর মহকুমা সন্নিকট একটি ঔষধের দোকানের ক্যাশ বাক্স থেকে প্রায় পঞ্চাশ হাজার টাকা চুরি। যদিও এই চুরি সিসি ক্যামেরায় ধরা পড়েছে। কিন্তু এখনো বোঝা যাচ্ছে না কে চুরি করেছে। দোকান মালিক জানান যে তার প্রায় ৫০ হাজার টাকা চুরি গেছে। সিসি ক্যামেরা থাকা সত্বেও কিভাবে দোকানে চুরি হলো দোকানের মালিক হতভম্ব। এই ঘটনায় চিন্তার ভাঁজ পড়েছে দোকান মালিকের। ঘটনার পূর্ণ তদন্তের জন্য পুলিশ প্রশাসনের কাছে আবেদন। পুলিশ ঘটনার পূর্ণ তদন্ত করছে।

## বিদ্যুতের শক্ খেয়ে মৃত্যু



**দেবাশীষ পাল ● মালদা**

**আপনজন:** বিদ্যুতের শক্ খেয়ে মৃত্যু এক ব্যক্তির ঘটনাটি ঘটেছে, সোমবার বিকেল নাগাত,এলাকাবাসীর অভিযোগ প্রায় পাঁচ বছর ধরে ১১ হাজার বিদুৎ এর তাঁর বিদ্যুৎ বিচ্ছিন্ন করে রাখা ছিল। হঠাৎই আজ বামনগোলা ব্লকের দত্তপাড়া বাস স্ট্যান্ড এলাকায় দোকানের ছাদের উপর আবর্জনা পরিষ্কার করতে গিয়ে বিদ্যুতের শক্ খেয়ে মৃত্যু হল যার ফলে দত্তপাড়া এলাকায় মালদার নালাগোলা রাজ্য সড়কে আগুন জালিয়ে অবরোধ করে বিক্ষোভ দেখাতে থাকে গ্রামবাসীদের দাবি। সরকারিভাবে বিদ্যুতের তার জয়েন দেওয়ার পরেও সাধারণ মানুষকে সচেতন করা হয়নি যার ফলে বিদ্যুতের শক্ লেগে মৃত্যু হয়েছে।রাস্তায় মৃত্যুদেহ রেখে বিদ্যুৎ দপ্তরের বিরুদ্ধে,আধিকারিক এস এস অপসারণের দাবি তুলে পথ অবরোধ করে বিক্ষোভ চলতে থাকে খবর লেখা পর্যন্ত।

## বিষ্ণুপুর শহরে পানীয় জলের দু'টি রিজার্ভার ভেঙে ফেলার নির্দেশ

**সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া**



**আপনজন:** বিষ্ণুপুর শহরে পানীয় জলের দু'টি রিজার্ভার ভেঙে ফেলার নির্দেশ দিলেন খড়্গপুর আইআইটির বিশেষজ্ঞরা। অতি দ্রুত এই কাজ না করলে যে কোন সময় ঘটতে পারে মর্মান্তিক দুর্ঘটনা। বিষ্ণুপুর পৌরসভা এলাকায় ৪০ বছরের পুরনো দু'টি রিজার্ভার দীর্ঘদিন ধরে বেহাল হয়ে পড়েছে। যে কোনও সময় ভেঙে বড়োসড়ো বিপদ ঘটার সম্ভাবনা রয়েছে। আতঙ্কে রয়েছে এলাকার মানুষজন । এলাকার মানুষের সুরক্ষার কথা ভেবে বিষ্ণুপুর পৌরসভার চেয়ারম্যান পুরসভা সংলগ্ন এবং কুমারি টকির কাছে অবস্থিত দু'টি রিজার্ভারকে বিশেষজ্ঞ দিয়ে স্বাস্থ্য পরীক্ষা কড়ানোর জন্য সংশ্লিষ্ট দপ্তরে চিঠি করেন। চিঠি পেয়ে সংশ্লিষ্ট দপ্তর খড়গপুর আইআইটির বিশেষজ্ঞদের দ্বারা রিজার্ভারের স্বাস্থ্য পরীক্ষা করে । তাতে ডাহা ফেল করে রিজার্ভার দুটি। এবং অবিলম্বে তা ভেঙে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে। তার ফলে কলকাতা পুরো ও নগরান্নোয়ন দপ্তর সেই মতো তোড়জোড় শুরু করেছে। বিষ্ণুপুর পুরসভার চেয়ারম্যান গৌতম গোস্বামী বলেন, বিশেষজ্ঞদের সুপারিশ মেনে শহরের দু'টি পানীয় জলের রিজার্ভার ভেঙে ফেলা হবে। তার জন্য টেণ্ডার প্রক্রিয়া হয়েছে কলকাতা পুরো ও নগরান্নোয়ন দপ্তর থেকে। তবে শহরবাসিকে পানীয় জলের সমস্যায় যাতে পড়তে না হয় তার জন্য বিকল্প ব্যবস্থাও করেছে ইতিমধ্যেই পৌরসভা। এখন দেখার বিপদজনক ভাবে থাকা এই রিজার্ভার দুটি কত দিনে ভাঙ্গে পুরো ও নগরান্নোয়ন দপ্তর ।

## মেয়েকে ইভটিজিংয়ের প্রতিবাদ করায় প্রহৃত

**নিজস্ব প্রতিবেদক ● হাওড়া**



**আপনজন:** সরস্বতী পূজার দিন হাওড়ার রামরাজাতলা চ্যাটার্জি হাট এর একটি স্কুলের সামনে ইভটিজিং - এর ঘটনা ঘটল। একে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায় হাওড়ার রামরাজাতলায়। জানা গিয়েছে প্রতিবাদ করতে গিয়ে এক স্কুল ছাত্রীর বাবা গুরুতর আহত হন। তাকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়। পুলিশ সূত্রে খবর সোমবার দুপুর সাড়ে বারোটা নাগাদ চ্যাটার্জি হাট এলাকায় একটি বালিকা স্কুলের সামনে বাবার সাথে স্কুল যাচ্ছিলেন এক ছাত্রী। সেই সময় স্কুটি করে এক আরোহী ওই ছাত্রীসহ আরো দুজনকে উত্যক্ত করছিল। চলন্ত স্কুটি থেকে বাবার সামনে ওই ছাত্রীকে নানা ধরনের কুকথা বলা হচ্ছিল। মেয়ের উদ্দেশ্যে অনবরত এই ধরনের কুকথা শুনে অভিভাবক হিসেবে বাবা প্রতিবাদ করলে ওই ছাত্রীর বাবাকে বেধড়ক মারধর করা হয়। তার মাথা ফাটিয়ে দেওয়া হয়। এই ঘটনা দেখে স্থানীয় অনেকে এগিয়েছে প্রতিবাদ করলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। এরপর স্থানীয় মানুষজন দুই রোমিওকে ধরে বেধড়ক মারধর করে। একজন ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। তবে পুলিশ দুজনকেই গ্রেফতার করে। অপর পলাতক রোমিওর খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ। এরপর ওই স্কুলের সামনে মোতায়েন করা হয় বিশাল পুলিশ বাহিনী। সরস্বতী পূজার দিন এই ধরনের ঘটনা ঘটায় ওই এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ছাত্রীদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ সৃষ্টি হয়।


## হাফেজের রক্ত দিয়ে শুরু হল রক্তদান

**হাসিবুর রহমান ● ঘুটিয়ারি**



**আপনজন:**দক্ষিণ ২৪ পরগনা জেলার ঘুটিয়ারি শরীফ সংলগ্ন নারায়নপুর অঞ্চলের শ্রীনগর গ্রামে সর্বপ্রথম রক্তদান শিবির অনুষ্ঠিত হল। প্রথমবারের এই রক্তদান শিবিরে এগিয়ে আসেন একজন হাফেজ শাহাদাত। তিনি বলেন -'আমার রক্ত দিয়ে আজ শুরু হবে রক্তদান' সেইমতোই এদিন রক্তদান শুরু হল।
বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন নারায়নপুর অঞ্চলের প্রধান সালাউদ্দিন সরদার । শ্রীনগর বিদ্যুৎ সংঘের ও গ্রামবাসীদের উদ্যোগে এই রক্তদান শিবি র শেষ হওয়ার সাথে সাথে ইসলামিক গজল কেরাত অনুষ্ঠান শুরু হয়। এই অনুষ্ঠানে রাজ্যের একাধিক জায়গা থেকে শিল্পী রাও এসেছিলেন। রাত দশটা পর্যন্ত গজল কেরাত পরিবেশন করে গ্রামের মহিলা পুরুষদের মুগ্ধ করেছে। উপস্থিত ছিলেন ঘুটিয়ারি শরীফ পুলিশ ফাঁড়ির এ এস আই মঙ্গল মুর্মু ক্লাব সম্পাদক নুরুল মোল্লা সভাপতি সাবির হোসেন মোল্লা। মুজাহিদ মোল্লা মাওলানা মাহফুজুর রহমান রহমান মুন্না মোল্লা রবিউল সরদার আলী আকবর মোল্লা প্রমুখ। এদিনের রক্তদানে মহিলা সহ প্রায় ২০০ জন রক্ত দান করেন।

## হোমিও পেনসনার্স ওয়েলফেয়ারের সভা



**আপনজন ডেস্ক:** গত শুক্রবার ভারত সরকারের আয়ুষ মন্ত্রনালয়ের অধীন সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন হোমিওপ্যাথির অবসরপ্রাপ্ত কর্মাচারীদের কোট্টায়াম ন্যাশনাল হোমিওপ্যাথি রিসার্চ ইনস্টিটিউট এ্যান্ড মেন্টাল হসপিটালের অডিটোরিয়ামে আয়োজিত সাধারণ সভায় আনুষ্ঠানিক ভাবে গঠিত হয় ‘‘হোমিওপ্যাথিক রিসার্চ কাউন্সিল ওয়েলফেয়ার এসোসিয়েশন”। কেরালা তামিলনাড়ু, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ, কলকাতা, রাঁচি, ঝাড়খণ্ড, উড়িষ্যা, মহারাষ্ট্র, দিল্লি থেকে আগত পেনশনার প্রতিনিধিরা এদিন সভায় অংশ গ্রহণ করেন। কলকাতা থেকে অংশ গ্রহণ করেন পেনশনার সেখ আব্দুল মান্নান এবং রঞ্জিৎ কুমার ব্যানার্জী। এদিন ডা. ই.সি. থমাসের সভাপতিত্বে এবং মুখ্য পৃষ্ঠপোষক এম.এস.পি পানিকরের উপস্থিতিতে সভায় আগামী দু বছরের জন্য পরিচালন সমিতি গঠন করা হয়।

# মূল্যবোধের শিক্ষায় আরও এগিয়ে আসার আহ্বান আল-আমীন মিশনের সম্পাদকের







*সূর্যপুরের আল আমীনের অনুষ্ঠানে উপস্থিত বিশিষ্টজনরা। (পাশে) মহিউদ্দিন সরকার, আহমদ হাসান ইমরান, নুরুল ইসলাম ও মেহেদি কালাম।*

**জাহেদ মিস্ত্রী ● বারুইপুর**

**আপনজন:** এ বছর আল আমীন মিশনের বিভিন্ন ক্যাম্পাসে পৃথক পৃথকভাবে 'আল-আমীন উৎসব' অনুষ্ঠিত হচ্ছে। সেখানে আল আমীন মিশনের কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা এবং প্রাক্তনীদের পুনর্মিলন উৎসবের আয়োজন করা হয়েছে। সোমবার এমনই এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর থানা এলাকার সূর্যপুরে আল আমীন মিশনের ক্যাম্পাসে। এই ক্যাম্পাসে এদিন বিশিষ্টজন ও উজ্জ্বল প্রাক্তনীদের সম্মিলনে চাঁদের হাট বসে।
এদিনের 'আল-আমীন উৎসব' -এ আল আমীন মিশনের সাধারণ সম্পাদক এম নুরুল ইসলাম বলেন, আল্লাহ পাকের কাছ থেকে যে বার্তা টা এসেছিল যার মাধ্যমে দিয়ে তিনি এই পৃথিবীর শ্রেষ্ঠতম মানুষ আমাদের প্রিয় নবী হযরত মোহাম্মদ (স:) যাকে সকলে বিশ্ব নবী বলে জানে। সেই মানুষটার নামেই কিন্তু এই আল আমিন মিশন। আর এই আল আমিন মিশনের সামনে যেটা উদ্দেশ্য সেটা হচ্ছে এটাই যে আমরা সেই পারপাস টা সার্ভ করতে পারি যে জন্য আমরা পৃথিবীতে এসেছি।এই পারপাসটা সার্ভ করার উদ্দেশ্য নিয়েই শুরু হয়েছিল এই আল আমিন মিশনের পথ চলা। এবং সেই ভাবেই আমরা এগিয়ে যাচ্ছি। তিনি তার গলায় পরা উত্তরীয় দেখিয়ে বলেন, আমি যে উত্তরীয়টা পরে আছি তার মধ্যে যে লোগোটা আছে তার মধ্যে তিনটে শব্দ আছে শিক্ষা, সাম্য, শান্তি। এর উদ্দেশ্য এটাই ছিল যে আমরা যদি মূলবোধের শিক্ষা দিতে পারি, সত্যিকারের শিক্ষা যদি আমরা দিতে পারি তাহলে মানুষের মধ্যে মূল্যবোধ যুক্ত হবে। মানুষ যদি সবাইকে মানুষ হিসাবে ভালোবেসে সবাইকে সমান ভাবে দেখতে শেখে তাহলে সমাজে সাম্য আসবে।
সেই সঙ্গে তিনি বলেন, আমরা যদি সমান ভাবে সবাইকে নিয়ে চলতে পারি সবাইকে নিয়ে থাকতে পারি তাহলে সমাজে গোটা দেশে পৃথিবীতে শান্তি বিরাজ করবে।
শিক্ষায় আরও এগিয়ে যাওয়ার কথা বলে নুরুল ইসলাম বলেন, আমরা যেখানেই থাকিনা কেন শুধু একা একা ভালো থাকব না সবাইকে নিয়ে ভালো থাকার চেষ্টা করব। শুধু দুনিয়াতে ভালো থাকবো না, ঈমানকে সঙ্গে নিয়ে ভালো থাকবো যাতে ইনশাআল্লাহ আমাদের আখেরাতটাও মঙ্গলময় হয়। আমরা একই সাথে সবাই মিলে যাতে জান্নাতবাসী হতে পারি। পশ্চিমবঙ্গ সংখ্যালঘু কশিনের চেয়ারম্যান তথা পুবের কলম সম্পাদক আহমদ হাসান ইমরান বলেন, আল আমীন মিশন যখন শুরু হয়েছিল তখন রাজ্যে সংখ্যালঘুরা শিক্ষায় অনেক পিছিয়ে ছিল। পরবর্তীতে তা প্রকাশ্যে আসে সাচার কমিটির রিপোর্টে প্রকাশ হওয়া পর, যেখানে বলা দেশের মধ্যে পশ্চিমবঙ্গে সংখ্যালঘুরা শিক্ষায় সবচেয়ে পিছিয়ে।
ইমরান বলেন, সেই পরিস্থিতি এখন পাল্টেছে। শুধু আল আমীন মিশন থেকেই বহু ডাক্তার, ইঞ্জিনিয়ার তৈরি হচ্ছে। এভাবেই আল আমীন মিশন সংখ্যালঘু শিক্ষার বিস্তারে বিশেষ ভূমিকা রচনা করছে।
এদিন অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সূর্যপুর মোহাম্মদ আলী ওয়েলফেয়ার সোসাইটির জেনারেল সেক্রেটারি তথা বিশিষ্ট লেখক অবসরপ্রাপ্ত পুলিশ অফিসার মহিউদ্দিন সরকার, আলিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মেহেদি কালাম প্রমুখ। বিশিষ্টদের মধ্যে উপস্থিত ছিলেন বারুইপুর পুলিশ জেলার ডিইবি ডি এস পি ড. মোহিত মোল্লা, বারুইপুর থানার আইসি সৌম্যজিৎ রায়, সূর্যপুর মোহাম্মদ আলী ওয়েলফেয়ার সোসাইটির ফাউন্ডার সেক্রেটারি নাসির উদ্দিন মন্ডল, বারুইপুর পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ ইউনুস সরদার, সূর্যপুর এসবিআই ব্রাঞ্চ ম্যানেজার সৈকত বিশ্বাস, সমাজসেবী শহিদুল হক মোল্লা, বাবলু মন্ডল, সালমান হালদার প্রমুখ।
প্রাক্তনীদের মধ্যে উপস্থিত ছিলেন বনগাঁ সাব ডিভিশন কন্ট্রোলার হাবিবুল্লা লস্কর, আলিয়া বিশ্ববিদ্যালয়ের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর শাহিন শেখ, পশ্চিমবঙ্গ সরকারের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার শেখ আলমগীর, ধানবাদ আই এইচডি পিএইচডি রিসোর্ট স্কলার ওয়াসিম এনাম, বিদ্যুৎ পর্ষদের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার আরিফুর রহমান সহ আরো অনেকে।
অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ও উদ্দীপনা ছিল চোখে পড়ার মতো।





*'আল-আমীন উৎসব'-এ প্রাক্তনীদের ভিড়। (পাশে) বক্তব্য রাখছেন এম নুরুল ইসলাম*

## কেরলে দুর্ঘটনায় মৃত দুই পরিযায়ী শ্রমিকের দেহ ফিরল জলঙ্গিতে

**সজিবুল ইসলাম ● ডোমকল**



**আপনজন:** কেরালায় কাজে গিয়ে পথ দুর্ঘটনায় মর্মান্তিক মৃত্যু হল মুর্শিদাবাদের জলঙ্গীর দুই পরিযায়ী শ্রমিকের। মৃত দুই শ্রমিকের নাম আব্বাস মোল্লা,বয়স ২৫ ও আমরুল মন্ডল,বয়স ৪০ । গত শনিবার দুপুরে কেরালায় রাস্তার কাজ করে রুমে আসার সময় পেছন দিক থেকে আসা গাড়ির ধাক্কায় ঘটনাস্থলেই মৃত্যু হয় ওই দুই শ্রমিকের। ওই ঘটনায় জখম আরো চারজন। আব্বাস মোল্লার বাড়ি সাগরপাড়া থানার সীমান্তবর্তী টিকটিকিপাড়া এলাকায় এবং আমরুল মন্ডলের বাড়ি জলঙ্গী থানার ঘোষপাড়া অঞ্চলের গলাদড়িয়া এলাকায়। এই দুজন কেরালায় প্রমবাভুর এলাকায় ঘর ভাড়া করে থাকতো। আব্বাস মোল্লা চার মাসে আগে কেরালায় গিয়েছিল এবং আমরুল মন্ডল মাত্র একমাস আগে কেরালায় গিয়েছিল। তারা পাট্টুমটম এলাকায় দুর্ঘটনার কবলে পড়ে। সূত্র মারফত জানা গেছে, মৃত দুজন একটি ডাম্পার গাড়িতে চেপে ফিরছিল,ড্যাম্পার গাড়িতে আঠার ব্যারেল ছিল,সেই সময় পেছন দিক থেকে একটি ট্রাক্টর ধাক্কা মারলে তারা রাস্তায় পড়ে যায়। তাদের গায়ের ওপর ব্যারেল পড়ে জখম হয়ে মৃত্যু হয়। ঘটনায় চারজন আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। তাদের সকলের বাড়ি জলঙ্গীর ঘোষপাড়া অঞ্চলের গলাদড়িয়া এলাকায়। আব্বাস মোল্লার বাড়িতে স্ত্রী এবং এক ছেলে এক মেয়ে রয়েছে। কোরবানির ঈদে বাড়ি ফেরার কথা ছিল। কিন্তু তার আগেই সব শেষ হয়ে গেল। এখন কীভাবে সংসার চলবে সেটা ভেবেই ঘুম উড়েছে পরিবারের। মৃত্যুর খবর পেয়ে বাড়িতে এক নাগাড়ে কেঁদে যাচ্ছে তার মা। পাশাপাশি গোটা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। পাশাপাশি আমরুল মন্ডলের কেরালায় কয়েকদিন ধরে কাজ ছিল না। বাড়িতে আসার কথা ছিল এক সপ্তাহ পরে। কিন্তু একই দুর্ঘটনায়য় দুজনের একসাথে মৃত্যু হয়। সেও রোজগারের আশায় ভিন রাজ্যে পাড়ি দিয়েছিল। কিন্তু বাড়ি আসা হল না। বাড়ি আসতে হচ্ছে কফিনবন্দি হয়ে। স্থানীয় হাসপাতালে ময়নাতদন্তের পর দেহ প্লেনে করে বাড়ি ফেরার কথা রয়েছে। শেষ বারের মত প্রিয় মানুষের মুখ দেখার অপেক্ষায় পরিবারের সদস্যরা।

## নস্য শেখদের ওবিসি শংসাপত্র দাবি

**মহম্মদ নাজিম ● হরিশ্চন্দ্রপুর**




**আপনজন:** নস্য শেখ সম্প্রদায়কে ভূমিপুত্র স্বীকৃতি ও ওবিসি শংসাপত্র পুনর্বহাল রাখার দাবি তুলে সোমবার হরিশ্চন্দ্রপুর ২ ব্লকের খন্তা প্রাথমিক বিদ্যালয়ে ইমাম,মোয়াজ্জেম ও শিক্ষকদের নিয়ে ব্লক নস্য শেখ কমিটি গঠন করা হল। উপস্থিত ছিলেন জেলা সম্পাদক সাজ্জাদ হোসেন,সহ সভাপতি মহম্মদ নুর হোসেন, কার্যকারী সভাপতি শেখ বানিজুদ্দিন ও হরিশ্চন্দ্রপুর ১ ব্লক সম্পাদক ডঃ জাহাঙ্গীর আলম। এদিন ৩৫ জনকে নিয়ে ব্লক নস্য শেখ কমিটি গঠন করা হয়। এই নতুন ব্লক কমিটির সভাপতি করা হল দৌলতপুর অঞ্চলের শিক্ষক মহম্মদ বুলবুল আলমকে ও সম্পাদক করা হল সুলতান নগর অঞ্চলের শিক্ষক নিহারুল ইসলামকে। সম্পাদক নিহারুল বলেন, নস্য শেখ সম্প্রদায়ের মানুষ রাজ্যের যেখানে রয়েছেন সেখানে আধিপত্য থেকে বসবাস করে আসছেন। আমেদের দাবি,কেন্দ্র সরকারের আনা ওয়াকফ সংশোধনী বিল ২০২৪ বাতিল করতে হবে। উত্তরবঙ্গে ওয়াকফ বোর্ড ও হজ হাউস তৈরি করতে হবে।
নস্য শেখ উন্নয়ন পর্ষদে পর্যাপ্ত পরিমাণ অর্থ বরাদ্দ করা সহ একাধিক দাবি নিয়ে আলোচনা করা হয়। পরবর্তীতে আমরা জেলা শাসকের কাছে বিভিন্ন দাবি নিয়ে ডেপুটেশন দেব।

**ছড়িয়ে-ছিটিয়ে**

## উলুবেড়িয়ায় আগুনে পুড়ে ছাই ছটি দোকান



**সুরজীৎ আদক ● উলুবেড়িয়া**

**আপনজন:** সরস্বতী পুজোর দিনই ভয়াবহ আগুন লেগে পুড়ে ছাই হয়ে গেল ছ'টি ঝুপড়ির দোকান। ঘটনাটি ঘটেছে সোমবার দুপুরে হাওড়া গ্রামীণ জেলার উলুবেড়িয়া থানার অন্তর্গত কুলগাছিয়া মাধবপুর এলাকায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে,মাধবপুরে ১৬ নম্বর জাতীয় সড়কের কোলাঘাট মুখি লেনের ধারে বেশ কিছু খাবারের ঝুপড়ি দোকান রয়েছে। এদিন দুপুরে বন্ধ দোকানের ভিতর থেকে আগুন দেখতে পান এলাকার মানুষজন।স্থানীয় বাসিন্দা সুখেন ঘোড়ুই জানান,ভয়াবহ আগুন লাগার পরেই স্কিপার প্রাইভেট লিমিটেড কোম্পানীর ফায়ার লাইনের সহযোগিতায় প্রাথমিক পর্যায়ের আগুন নেভানোর কাজ শুরু হয়।নাহলে আগুন আরও দ্রুত ছড়িয়ে পড়ত পাশাপাশি দোকানে।এর জন্য ওই কোম্পানীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন জানাই।এরপর খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ ও দমকলের দুটি ইঞ্জিন। দীর্ঘক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে দমকল কর্মীরা। দমকল কর্মীদের প্রাথমিক অনুমান বন্ধ দোকানের ভিতরে শর্ট সার্কিট থেকেই আগুন লাগতে পারে।সেখান থেকেই দ্রুত আগুন ছড়িয়ে পড়ে। অগ্নিকাণ্ডের জেরে জাতীয় সড়কের দুটি লেনে যান চলাচল বন্ধ হয়ে পড়ে।তবে আধঘন্টা পর কলকাতামুখী লেন পুলিশ চালু করে। কিন্তু কিছুক্ষণ বন্ধ থাকে কোলাঘাটমুখী লেন।

## হারিয়ে যাওয়া সপ্তম শ্রেণির ছাত্রকে পুলিশ ফেরাল তার বাড়িতে

**নিজস্ব প্রতিবেদক ● অরঙ্গাবাদ**



**আপনজন:** সপ্তম শ্রেণীর এক ছাত্রকে পরিবারের হাতে তুলে দিল মুর্শিদাবাদ জেলার সামশেরগঞ্জ থানার পুলিশ। প্রায় সাত দিন ধরে হারিয়ে থাকার পর সামশেরগঞ্জ থানার পুলিশের তৎপরতায় উত্তর দিনাজপুরের বালুরঘাট এলাকা থেকে উদ্ধার করে নিয়ে আসা হয় তাকে। সোমবার আনুষ্ঠানিকভাবে সামশেরগঞ্জ থানার শুলিতলা গ্রামের ওই শিশুকে তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়।
পুলিশের উদ্যোগে এবং তৎপরতায় সন্তান ফিরে পাওয়ায় পুলিশকে সাধুবাদ জানিয়েছেন পরিবারের সদস্যরা।
পুলিশ সূত্রে খবর, দিন কয়েক আগেই হারিয়ে গিয়েছিল সপ্তম শ্রেণীর ওই ছাত্র। ট্রেনে চেপে পথ ভুল করে উত্তর দিনাজপুরের বালুরঘাট এলাকায় চলে যায় সে। বহু খোঁজাখুঁজি করেও না পেয়ে অবশেষে পুলিশের দ্বারস্থ হন পরিবারের সদস্যরা। অভিযোগ পেয়েই তৎপরতা শুরু করেন শিবোপ্রসাদ ঘোষ। এর মধ্যেই পুলিশের কাছে খবর আসে বালুরঘাটে রয়েছে সেই শিশু। তারপরই সেখান থেকে তাকে নিয়ে এসে আইনি প্রক্রিয়া সম্পন্ন করে সোমবার সুলিতলা গ্রামের সেই পরিবারের হাতে সপ্তম শ্রেণীর ছাত্রটিকে তুলে দেওয়া হয়।
ছেলেকে পেয়ে সামশেরগঞ্জ থানার পুলিশকে ধন্যবাদ জানিয়েছেন পরিবারের সদস্যরা।

## গঙ্গারামপুরে সাড়ম্বরে শুরু হল সৃষ্টিশ্রী মেলা

**অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট**




**আপনজন:** দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর ফুটবল ময়দানে শুরু হল সৃষ্টিশ্রী মেলা। সোমবার এই মেলার শুভ সূচনা লগ্নে উপস্থিত ছিলেন,রাজ্যের ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী বিপ্লব মিত্র,দক্ষিণ দিনাজপুর জেলার জেলাশাসক বিজিন কৃষ্ণা, কুশমন্ডি বিধানসভা কেন্দ্রের বিধায়ক রেখা রায়, গঙ্গারামপুর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক অর্পিতা ঘোষাল সহ আরো অনেকে। জানা গিয়েছে, আগামী কয়েকদিন ধরে শুধুমাত্র মেলা নয়, মেলার পাশাপাশি বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠানও চলবে মেলা প্রাঙ্গণে। মেলায় স্বনির্ভর গোষ্ঠীর তৈরি হস্তশিল্প, বস্ত্রের প্রদর্শনী ও বিক্রির ব্যবস্থা রয়েছে। মেলায় সবমিলিয়ে প্রায় ৬২ টি স্টল রয়েছে। এবিষয়ে রাজ্যের ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী বিপ্লব মিত্র জানান, ‘মূলত আমাদের ঘরের মেয়েরা যাতে স্বনির্ভর হয়ে উঠতে পারে, তারা যাতে নিজস্ব সৃষ্টির দ্বারা উপার্জনের সুযোগ পায় সেজন্য এই উদ্যোগ। মেয়েদের তৈরি করা সামগ্রী গুলি যাতে তারা বিক্রয় করতে পারে অর্থাৎ বিপণনের সুযোগ পায় সেটাই এই মেলার মূল উদ্দেশ্য।’

প্রথম নজর

# সৌদি আরবে আল-শারাকে উষ্ণ সংবর্ধনা



**আপনজন ডেস্ক:** রোববার রিয়াদে তার কার্যালয়ে সৌদি যুবরাজ এবং প্রধানমন্ত্রী মোহাম্মদ বিন সালমান সিরিয়ার প্রেসিডেন্ট আহমেদ আল-শারাকে স্বাগত জানান। সিরিয়ার অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণের পর আল-শারা তার প্রথম সরকারি বিদেশ সফরে সৌদি আরবে পৌঁছেছেন। সাক্ষাৎকালে, দুই নেতা সিরিয়ার সর্বশেষ উন্নয়ন এবং দেশের নিরাপত্তা ও স্থিতিশীলতাকে সমর্থন করার উপায় নিয়ে আলোচনা করেন। তারা সর্বশেষ আঞ্চলিক উন্নয়ন এবং এই বিষয়ে গৃহীত প্রচেষ্টা পর্যালোচনা করেন। দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক এবং বিভিন্ন ক্ষেত্রে তাদের উন্নয়নের সুযোগের দিকগুলিও তাদের আলোচনায় উঠে আসে।
অভ্যর্থনার শুরুতে, যুবরাজ আল-শারাকে সিরিয়া প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট হওয়ার জন্য অভিনন্দন জানান, সিরিয়ার জনগণের আশা ও আকাঙ্ক্ষা অর্জনে তার সাফল্য কামনা করেন। তার পক্ষ থেকে, আল-শারা সিরিয়া ও এর জনগণের প্রতি রাজ্যের আন্তরিক অনুভূতি এবং অবস্থানের জন্য ক্রাউন প্রিন্সের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পররাষ্ট্রমন্ত্রী প্রিন্স ফয়সাল বিন ফারহান; প্রতিমন্ত্রী, মন্ত্রিসভার সদস্য এবং জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. মুসাইদ আল-আইবান; প্রতিমন্ত্রী, মন্ত্রিসভার সদস্য এবং জাতীয় নিরাপত্তা উপদেষ্টা মোহাম্মদ আল-শেখ, সহ-মন্ত্রী; জেনারেল ইন্টেলিজেন্স প্রধান খালিদ আল-হুমাইদান; রয়েল কোর্টের উপদেষ্টা খালিদ হাদ্রাবি; এবং সিরিয়ায় নিযুক্ত সৌদি রাষ্ট্রদূত ড. ফয়সাল আল-মাজফাল। সিরিয়ার পক্ষ থেকে, পররাষ্ট্র ও প্রবাসী মন্ত্রী আসাদ আল-শাইবানি, ব্যক্তিগত অফিসের পরিচালক আব্দুল রহমান সালামা এবং বেশ কয়েকজন কর্মকর্তা উপস্থিত ছিলেন।
এর আগে, গত বৃহস্পতিবার কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল-থানি দামেস্কে শারার সঙ্গে সাক্ষাৎ করেন। গত ৮ ডিসেম্বর সিরিয়ার সাবেক প্রেসিডেন্ট বাশার আল-আসাদের পতনের পর আল-শারা ক্ষমতায় আসেন। গত সপ্তাহে দেশটির অন্তর্বর্তী সরকারের প্রেসিডেন্ট নিযুক্ত হওয়ার পর বৃহস্পতিবার (৩০ জানুয়ারি) উপসাগরীয় অঞ্চলের প্রথম রাষ্ট্রপ্রধান হিসেবে তার সঙ্গে সাক্ষাৎ করেন কাতারের আমির। গত সপ্তাহে দামেস্ক সফরকালে সৌদি পররাষ্ট্রমন্ত্রী প্রিন্স ফয়সাল বিন ফারহান বলেছিলেন, সিরিয়ার ওপর আরোপিত অর্থনৈতিক নিষেধাজ্ঞা তুলতে সহায়তা করার জন্য ইউরোপ ও মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে সক্রিয় সংলাপে নিযুক্ত রয়েছে সৌদি আরব।

# ইতালিতে মাছ ধরার নৌকা থেকে উদ্ধার ১৩০ অভিবাসী



**আপনজন ডেস্ক:** দক্ষিণ ইতালির ক্যালাব্রিয়া অঞ্চলের ক্রোটোনে উপকূল থেকে ১৩০ জন অনিয়মিত অভিবাসীকে উদ্ধার করেছে দেশটির কোস্ট গার্ড। ঝোড়ো হাওয়া ও উঁচু ঢেউয়ের মধ্যে বিপজ্জনক পরিস্থিতিতে তাদের উদ্ধার করা হয়।
স্থানীয় সংবাদমাধ্যম ক্রোটোনেসে জানিয়েছে, ৩০ জানুয়ারি তুরস্ক উপকূল থেকে যাত্রা করা একটি মাছ ধরার নৌকায় থাকা ১৩০ জন অভিবাসীকে রবিবার উদ্ধার করা হয়েছে। দক্ষিণ ইতালির ক্রোটোনে ও রোকেলা জোনিকা অঞ্চলের কোস্ট গার্ডের সদস্যরা প্রায় ১৪ ঘণ্টা অভিযান শেষে অভিবাসীদের নিয়ে ক্রোটোনে বন্দরে পৌঁছন।
অভিবাসীদের নিয়ে আসা নৌকাটি উপকূলে ঝুঁকিতে পড়ার পর স্যাটেলাইট ফোন থেকে অনুরোধ পেয়েছিল কোস্ট গার্ড। পরবর্তীতে রেজিও ক্যালাব্রিয়া কর্তৃপক্ষের নির্দেশে দুটি টহল নৌকা অভিযান শুরু করে। দীর্ঘ অভিযান শেষে অভিবাসীদের নিয়ে টহল নৌকা দুইটি সমুদ্রে সাত ঘণ্টার যাত্রা শেষ করে ক্রোটোনে বন্দরে পৌঁছয়।
উদ্ধারকৃতদের নৌকায় প্রাথমিক চিকিৎসা দিয়েছে এনজিও অর্ডার অব মাল্টা, ইতালীয় রিলিফ কর্পস ও আন্তর্জাতিক অভিবাসন সংস্থার স্বাস্থ্যকর্মীরা।
উদ্ধার হওয়া অভিবাসীদের মধ্যে ২৭ জন নারী ও ৩০ জন অভিভাবকহীন অপ্রাপ্তবয়স্ক। মোট ১৩০ জন অভিবাসীর মধ্যে ৭০ জন আফগানিস্তান, ৪০ জন ইরান, ৯ জন ইরাক ও ছয়জন পাকিস্তানের নাগরিক।

# জর্জিয়ায় রুশপন্থী সরকারের বিরুদ্ধে ব্যাপক বিক্ষোভ, আটক ৪ শতাধিক




**আপনজন ডেস্ক:** জর্জিয়ায় নতুন করে ক্ষমতাসীন সরকারের বিরুদ্ধে ব্যাপক বিক্ষোভ দেখা দিয়েছে। বিক্ষোভে অংশ নেওয়ায় দু'জন বিরোধী দলীয় নেতাসহ প্রায় ৪০০ জনকে আটক করেছে পুলিশ। রোববার (২ ফেব্রুয়ারি) রাতে দেশটির রাজধানী তিবলিসিতে এ বিক্ষোভ হয়। গত বছরের নভেম্বর থেকে জর্জিয়রায় থেমে থেকে বিক্ষোভ চলছে। তাদের অভিযোগ, ক্ষমতাসীন 'জর্জিয়া ড্রিম পার্টি' অক্টোবরে অনুষ্ঠিত নির্বাচনে কারচুপি করে ক্ষমতায় গেছে। প্রচলিত আইনকে কর্তত্ববাদী আইন হিসাবে উল্লেখ করে ইইউপন্থী বিক্ষোভকারিরা বলেন, ক্ষমতাসীন দল দেশকে রাশিয়ামুখী করেছে। এছাড়া ইউরোপীয় ইউনিয়নে জর্জিয়ার যোগদানের আলোচনাও বন্ধ রেখেছে। অন্যদিকে, রাজধানীর প্রবেশমুখের একটি গুরুত্বপূর্ণ সড়কে অনুষ্ঠিত এ বিক্ষোভ থেকে আটক হন ইইউপন্থী আখালি পার্টির নেতা নিকা মেলিয়া এবং তিবলিসির সাবেক মেয়র গিজি উগুলাভা। এছাড়া টিভি ফুটেজে দেখা যায়, পুলিশ বিক্ষোভকারিদের মারধোর করে। বিরোধীদলীয় নেতা মেলিয়ার আইনজীবী জানান, আদালতে হাজির হওয়ার শর্তে রাতেই পুলিশ তাকে ছেড়ে দেয়। জর্জিয়ার সাবেক প্রধানমন্ত্রী গিরজি গাখারিয়া জনসাধারণের ওপর ব্যাপক নির্যাতনের জন্য সরকারকে দায়ী করেন। ইউরোপীয় ইউনিয়নের বিদেশনীতির প্রধান কাজা কালাস বলেন, শান্তিপূর্ণ বিক্ষোভকারি, সাংবাদিক ও রাজনীতিবিদদের ওপর ব্যাপক নির্যাতন কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। ইইউ জর্জিয়ার জনগণের পাশে থাকবে।

# ফিলিস্তিনি যে শিশুর আকুতি নাড়া দিয়েছে বিশ্ব বিবেক



**আপনজন ডেস্ক:** 'আমার খুব ভয় লাগছে। কেউ একটু আসেন। আমাকে বাঁচান। উদ্ধারকর্মীদের ফোন দেন।' এভাবেই করুণ স্বরে কাতরাচ্ছিলেন ফিলিস্তিনি শিশু হিন্দ রজব। পরিবারের সাথে যুদ্ধপ্রবণ এলাকা ছাড়ছিলেন তখন। তাদের লক্ষ্য করে ৩৩৫টি গুলি ছোড়ে দখলদার বাহিনী। এতে আহত হন তিনি। ডাকতে থাকেন আহত স্বরে। তার এ করুণ স্বরের অডিও গত বুধবার ভাইরাল হয়। আলোড়ন সৃষ্টি হয় দুনিয়াব্যাপী। জানা যায়, তার এই আওয়াজ শুনেছিল প্যালেস্টাইন রেড ক্রিসেন্ট সোসাইটি। তাকে উদ্ধার করতে পাঠিয়েছিল দুই প্যারামেডিক। কিন্তু তাদেরকেও হত্যা করে ইহুদি বাহিনী।
গত বুধবার পিআরসিএসই প্রকাশ করে অডিও রেকর্ডটি। তারা জানায়, ২০২৪ সালের ১০ ফেব্রুয়ারি গাজার দক্ষিণে তেল আল হাওয়া এলাকায় এ ঘটনা ঘটে। এরপর প্রায় দুই সপ্তাহ পড়ে থাকে হিন্দ ও তার পরিবারের লাশ। হিন্দ রজব মারা গেছেন প্রায় এক বছর। সম্প্রতি তার রেকর্ডটি প্রকাশ পেয়েছে। ব্যাপকভাবে শেয়ার করছেন সোশ্যাল মিডিয়া ব্যবহারকারীরা। তারা হিন্দের প্রতি শ্রদ্ধা নিবেদন করছেন। দাবি করছেন তার মৃত্যুর জন্য ন্যায়বিচার। দখলদার বাহিনীকে জবাবদিহিতার মুখোমুখি করতেও কথা বলছেন অনেকে।
মার্কিন জায়নবাদবিরোধী সংগঠন ইহুদি ভয়েস ফর পিস। তারা হিন্দ রজবকে নিয়ে কয়েকটি পোস্ট করেছেন। এক্স একাউন্টে ছবিটি পোস্ট করে তারা লিখেছেন, 'হিন্দ রজব। তুমি স্মৃতিতে থাকবে অম্লান। তুমি ফিলিস্তিনি। ফিলিস্তিনিদের আত্মা নেভে না। চিরকাল বেঁচে থাকবে তোমার উত্তরসূরীরা।' আরেক পোস্টে প্রশ্ন রেখেছে যে হিন্দ ও তার বয়সী শিশুরা কি কেবলই ট্র্যাজেডির শিকার হয়ে যাবে? তারা কি বন্ধুদের সাথে হেসে খেলে সময় কাটাবে না? অনেকে হিন্দের ছবি শেয়ার করে এক্সবার্তায় লিখেছেন, কখনো ভুলা যাবে না। এ সময় তারা হিন্দের গল্প ছড়িয়ে দেয়ারও আহ্বান জানান। অনেকে হিন্দের ঘটনার জন্য পশ্চিমা মিডিয়াকে দোষারোপ করেছেন। তারা পশ্চিমা মিডিয়ার কভারেজ তুলে ধরে বলেন, এ ঘটনায় তাদের ভাষা ছিল পক্ষপাতদুষ্ট। তারা হিন্দের মৃত্যুর পরিস্থিতি আড়াল করে ফেলেছিল। মধ্যপ্রাচ্যবিষয়ক বিশ্লেষক আসাল রাদ এক এক্সবার্তায় লিখেছেন, বিবিসি তখন শিরোনাম করেছিল, 'গাজা থেকে হিন্দের লাশ উদ্ধার'। তারা কখনো এমন লজ্জাজনক শিরোনাম পরিবর্তনের চেষ্টা করেনি। অন্যরা পশ্চিমা মিডিয়ার আরো কিছু লজ্জাজনক বিষয় হাইলাইট করেছে। কেউ কেউ তখন হিন্দকে নারী কিংবা যুবতী প্রমাণের অপচেষ্টা করেছিল। মোটকথা সবাই ইসরাইলের ভাবমূর্তি রক্ষায় নির্লজ্জভাবে উঠে পড়ে লেগেছিল।
আগামী বুধবার সন্ধ্যায় হিন্দ রজবের স্মরণে নিউইয়র্কে একটি জাগরণী অনুষ্ঠান হওয়ার কথা রয়েছে। ফিলিস্তিনি প্রতিরোধের প্রতীক হিন্দ রজবের হত্যাকাণ্ড নিয়ে তদন্ত করেছে ফরেনসিক আর্কিটেকচার, আল জাজিরার ফল্ট লাইনস এবং এনজিও ইয়ারশট। তাদের তদন্তে জানা গেছে, যে গাড়িতে হিন্দকে হত্যা করা হয়েছিল, তাতে ৩৩৫টি গুলি লেগেছিল। এর বেশিরভাগই এন্ট্রি গাড়ির ডান দিক থেকে এসেছিল। তদন্তে আরো দেখা গেছে যে রজবের ১৫ বছর বয়সী চাচাতো ভাই লায়ানকে হত্যা করার সময় ইসরাইলি ট্যাঙ্কটি মাত্র ১৩ থেকে ২৩ মিটারের মধ্যে অবস্থান করছিল। সেজন্য এ কথা বলার সুযোগ নেই যে বন্দকধারীরা শিশুসহ বেসামরিক নাগরিকদের দেখতে পায়নি। হিন্দের মৃত্যু বিশ্বজুড়ে ফিলিস্তিনপন্থী বিক্ষোভকারীদের জন্য একটি প্রতীক হয়ে ওঠেছে। নিউইয়র্ক সিটির কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভকারীরা ক্যাম্পাসের একটি ভবন দখল করে নেয়। তারা রজবের সম্মানে এর নামকরণ করে 'হিন্দস হল'। আইরিশ রাজধানী ডাবলিনে হিন্দের মৃত্যুর স্মরণে একটি দেয়ালচিত্র আঁকা হয়েছিল। লেবাননের রাজনীতিবিদ ও লেখক দেইব আবু জাহজাহ হিন্দ রজব নামে একটি ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন। এর মাধ্যমে তিনি হিন্দের প্রতি সম্মান জানান। এবং হিন্দের মতো ভুক্তভুগীদের ন্যায়বিচারের জন্য আইনি সহযোগিতা প্রদান করেন। আবু জাহজাহ বলেন, আজ থেকে ঠিক এক বছর আগে হিন্দ রজবকে হত্যা করা হয়। তার আহত স্বর আজো আমার হৃদয়ে ভর করে আছে। তার বয়সী আমারও একটি মেয়ে আছে। তার বাবা-মায়ের আর্তযন্ত্রণা আমি কল্পনাও করতে পারছি না। তিনি আরো বলেন, হিন্দ আজ বিশ্বজুড়ে প্রতিধ্বনিত হচ্ছে। তার এমন উপস্থিতি খুনিদের তাড়া করে ফিরছে। ছোট্ট হিন্দ তাদের কল্পনার চেয়েও বেশি শক্তিশালী। 'শান্তিতে ঘুমাও ছোট্ট দেবদূত। তোমাকে কখনো ভুলা হবে না।'

# নেতানিয়াহুর স্ত্রীর বিরুদ্ধে তদন্ত করছে ইসরায়েলের পুলিশ



**আপনজন ডেস্ক:** ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর স্ত্রী সারা নেতানিয়াহুর বিরুদ্ধে তদন্ত শুরু করেছে দেশটির পুলিশ। রবিবার ফাঁস হওয়া এক চিঠিতে জানা গেছে এ তথ্য।
রাজ্য অ্যাটর্নি অফিস জানিয়েছে, সারা নেতানিয়াহু একজন সাক্ষীকে ভয় দেখানোর এবং তার স্বামী প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর বিরুদ্ধে দুর্নীতির মামলায় হস্তক্ষেপ করার অভিযোগে গত মাসে পুলিশ তার বিরুদ্ধে ফৌজদারি তদন্ত শুরু করেছে। এ তথ্য নিশ্চিত করে গত ২৬ ডিসেম্বর ইসরায়েলের পার্লামেন্ট নেসেটের সদস্য ও দেশটির বিরোধীদলীয় নেত্রী নামা লাজিমিকে চিঠিটি দিয়েছিল অ্যাটর্নি জেনারেলের দপ্তর।
বামপন্থী ডেমোক্র্যাট দলের নামা লাজিমির অভিযোগ সম্পর্কে তথ্যের জন্য অনুরোধের পর রাজ্য অ্যাটর্নি অফিস তাকে এ তথ্য জানিয়েছে।
সারার বিরুদ্ধে অভিযোগ, তিনি তার স্বামীর বিরুদ্ধে চলমান দুর্নীতি মামলার একজন প্রধান আসামিকে ভয়ভীতি প্রদর্শন করেছেন এবং অ্যাটর্নি জেনারেলসহ তার দপ্তরের কর্মকর্তাদের হয়রানি করতে বিক্ষোভ আয়োজন করেছেন।
ঘুষগ্রহণ ও দুর্নীতির অভিযোগে ইসরায়েলের আদালতে একাধিক মামলা চলছে বেনিয়ামিন নেতানিয়াহুর বিরুদ্ধে।
২০২০ সালে শুরু হওয়া মামলাগুলোর এখনো কোনো সমাধান হয়নি।
ইসরায়েল পুলিশ এবং রাজ্য অ্যাটর্নি অফিসের সাইবার অপরাধ বিভাগ এই তদন্ত পরিচালনা করছে।
মামলায় নেতানিয়াহু এবং তার স্ত্রী উভয়েই আসামি এবং সেটির অভিযোগপত্রে বলা হয়েছে, রাজনৈতিক সুবিধা পাইয়ে দেওয়ার প্রতিশ্রুতির বিনিময়ে দেশের কয়েকজন বিলিয়নেয়ারের কাছ থেকে দুই লাখ ৬০ হাজার ডলার সমমূল্যের সিগার, অলঙ্কার ও দামি মদ গ্রহণ করেছিলেন বেনজামিন ও সারা নেতানিয়াহু।

# পরিবারপ্রতি ৩ সন্তান চান এরদোগান, অধিকারকর্মীদের সমালোচনা



**আপনজন ডেস্ক:** জন্মহার অনেক কমে যাওয়ায় এবং পারিবারিক মূল্যবোধ ধরে রাখতে ২০২৫ সালকে 'পরিবারবর্ষ' ঘোষণা করেছে তুরস্ক। পরিবারবর্ষকে ঘিরে বছরব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রেসিডেন্ট রিসেপ তাইয়িপ এরদোগান বলেছেন, বর্তমান জন্মহারের কারণে তুরস্কের অস্তিত্ব হুমকির সম্মুখীন হয়ে পড়েছে। ২০২৩ সালে দেশটিতে জন্মহার ছিল ১.৫১। অথচ তুরস্কের জনসংখ্যা যেন না কমে সে জন্য হারটি অন্তত ২.১ থাকা উচিত। ২০১৬ সাল থেকে দেশটিতে জন্মহার নিয়মিত কমছে।
পরিবারবর্ষকে ঘিরে তুরস্কের সরকার আর্থিক প্রণোদনা ঘোষণা করেছে। বিয়ে করতে ইচ্ছুক দম্পতিদের বিনা সুদে সর্বোচ্চ চার হাজার ইউরো ঋণ দেওয়ার ঘোষণা দেওয়া হয়েছে। এ ছাড়া প্রথমবার যারা মা হবেন তাদেরও নগদ অর্থ সহায়তা দেওয়া হবে। শিশুসেবার মান বাড়ানো ও ২০২৫ সালের ১ জানুয়ারির পর জন্মগ্রহণ করা শিশুদের জন্য সুযোগ-সুবিধা বাড়ানোর কথাও বলা হয়েছে।
আংকারার এক বিশ্ববিদ্যালয়ের ডেমোগ্রাফির বিশেষজ্ঞ ইসমেত কোচ বলেন, 'প্রথম নজরে এই ধারণাগুলো বর্তমান নীতির চেয়ে ভালো বলে মনে হচ্ছে। কিন্তু এসব কিভাবে বাস্তবায়ন করা হবে, তা এখনো স্পষ্ট করা হয়নি।
শুধু আর্থিক প্রণোদনার ওপর ভিত্তি করে একটি নীতি শুধু সাময়িকভাবে সফল হতে পারে।' সুবিধা দেওয়ার কারণে জন্মহার বাড়লেও সেটি স্থায়ী হবে না বলেও মনে করেন তিনি। এদিকে নারী অধিকার নিয়ে কাজ করা তুরস্কের কর্মীরা সরকারের উদ্যোগের সমালোচনা করেছেন। তারা সরকারের বিরুদ্ধে 'সাংস্কৃতিক আধিপত্যবাদ' তৈরির অভিযোগ এনেছেন। নারী অধিকারকর্মী ও আইনজীবী সেলিন নাকিপোলু বলছেন, নতুন উদ্যোগটির লক্ষ্য হচ্ছে তুরস্কের পারিবারিক আইনকে শরিয়া ও ইসলামী আইনের ভিত্তির ওপর দাঁড় করানো, যা বর্তমানে ধর্মনিরপেক্ষ। তার মতে, এর ফলে লিঙ্গভিত্তিক বৈষম্য তৈরি হবে এবং এটি 'নারী ও শিশুর প্রতি পুরুষের সহিংসতাকে কার্পেটের নিচে চাপা দেবে।' নাকিপোলু আরো বলেন, 'তথাকথিত পরিবারবর্ষ সমাজে নারীর অধস্তন ভূমিকাকে সুসংহত করতে সাহায্য করবে এবং বেতনভোগী ও অবৈতনিক কর্মজীবী নারীদের ওপর শোষণ আরো বাড়াবে।'

ছড়িয়ে-ছিটিয়ে


# ইউএসএআইডি 'অপরাধমূলক সংগঠন', পরিচালনা করেন 'উগ্র পাগলরা': মাস্ক



**আপনজন ডেস্ক:** আন্তর্জাতিক সহায়তা সংস্থা ইউএসএআইডিকে অপরাধমূলক সংগঠন হিসেবে আখ্যা দিয়েছেন বিশ্বের শীর্ষ ধনকুবের ইলন মাস্ক। বিদেশে মানবিক ত্রাণের দায়িত্বপ্রাপ্ত সংস্থাটির ওপর এমন আক্রমণ ট্রাম্পের পদক্ষেপের একটি উল্লেখযোগ্য নতুন দিক চিহ্নিত করেছে। গত সোমবার ইলন মাস্ক ইউএসএআইডিকে 'অপরাধমূলক সংগঠন' বলে অভিহিত করেন। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে শেয়ার করা পৃথক তিনটি টুইটে বলেছেন, 'আপনারা জানেন কী, ইউএসএআইডি আপনাদের ট্যাক্সের টাকায় জৈব অস্ত্র গবেষণায় অর্থায়ন করেছে। এর মধ্যে কোভিড-১৯ এর মতো জীবাণুও অন্তর্ভুক্ত, যার কারণে কয়েক কোটি মানুষ মারা গেছেন।' অপর এক টুইটে ইলন মাস্ক মাইক বেঞ্জের একটি টুইট শেয়ার করে বলেন, 'ইউএসএআইডি তাদের প্রোপাগান্ডা প্রচারের জন্য গণমাধ্যমগুলোকে বিপুল পরিমাণ টাকা দিয়েছে।' আলাদা এক টুইটে তিনি ঘোষণা করেন যে, 'মার্কিন আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ইউএসএআইডির মরে যাওয়া উচিত।' তবে তিনি অভিযোগগুলো সম্পর্কে বিস্তারিত কিছু বলেননি। রবিবার ট্রাম্প বিস্তারিত কিছু না বলেই বলেন, 'মার্কিন যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএআইডি) একদল উগ্র পাগল দ্বারা পরিচালিত হচ্ছে। আমরা তাদের বের করে দিচ্ছি... এবং তারপর আমরা (এর ভবিষ্যৎ নিয়ে) সিদ্ধান্ত নেব।' তিনি মাস্কের প্রতি তার সমর্থনের ওপর জোর দিয়েছেন। গতকাল রবিবার রাতে সাংবাদিকদের তিনি বলেন, 'ইলন মাস্ক ভালো কাজ করছেন, এমনকি যদি তারা প্রতিটি বিষয়ে একমত হন না অনেক সময়।' ট্রাম্প বলেন, 'বড় খরচ কমানোর পক্ষে মাস্ক। যদিও কখনও কখনও আমরা কোনো বিষয়ে একমত হব না অথবা তিনি যেখানে যেতে চান সেখানে যাব না... তিনি একজন বুদ্ধিমান ব্যক্তি। খুব বুদ্ধিমান এবং তিনি আমাদের ফেডারেল সরকারের বাজেট কমাতে খুব আগ্রহী।' ট্রাম্প প্রথমে তিন মাসের জন্য সকল সাহায্য ব্যয় স্থগিত করেছিলেন। পরে তিনি খাদ্য এবং অন্যান্য মানবিক সহায়তা অব্যাহত রাখার কথা বলেছিলেন।
এদিকে সাহায্য কর্মীরা বলছেন, একটি স্বাধীন সংস্থা হিসেবে সংস্থার ভবিষ্যত অনিশ্চয়তার মধ্যে পড়েছে।

## সেহেরী ও ইফতারের সময়

সেহেরী শেষ: ভোর ৪.৫১মি.
ইফতার: সন্ধ্যা ৫.৩২ মি.



## নামাজের সময় সূচি

| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৪.৫১ | ৬.১৪ |
| যোহর | ১১.৫৫ | |
| আসর | ৩.৫১ | |
| মাগরিব | ৫.৩২ | |
| এশা | ৬.৪৩ | |
| তাহাজ্জুদ | ১১.১২ | |

# মার্কিন উস্কানি কখনোই সহ্য করা হবে না: উত্তর কোরিয়া



**আপনজন ডেস্ক:** মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর সাম্প্রতিক এক মন্তব্যের কঠোর সমালোচনা করেছে উত্তর কোরিয়া। সিউল থেকে এএফপি জানায়, উত্তর কোরিয়া সোমবার মার্কো রুবিওর উত্তর কোরিয়াকে ' দুর্বৃত্ত রাষ্ট্র' মন্তব্যের কঠোর সমালোচনা করেছে এবং সাম্প্রতিক এক সাক্ষাৎকারে শীর্ষ মার্কিন কূটনীতিকের করা মন্তব্যকে 'বাজে কথা' বলে উড়িয়ে দিয়েছে।

# কুইন্সল্যান্ডে ভয়াবহ বন্যা মোকাবিলায় হিমশিম খাচ্ছে অস্ট্রেলিয়া




**আপনজন ডেস্ক:** কুইন্সল্যান্ড রাজ্যে ভয়াবহ বন্যা সামাল দিতে হিমশিম খাচ্ছে অস্ট্রেলিয়া কর্তৃপক্ষ। জরুরি অবস্থার কারণে হাজার হাজার লোককে সরিয়ে নিতে হচ্ছে, বাড়ি-ঘরের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। গুরুত্বপূর্ণ মহাসড়কের কিছু অংশে পানি ওঠার পর বিচ্ছিন্ন জনগোষ্ঠীর কাছে সহায়তা পৌঁছাতে বেগ পেতে হচ্ছে কর্তৃপক্ষকে। বিবিসি জানিয়েছে, বন্যায় এখন পর্যন্ত এক নারীর প্রাণহানি ঘটেছে। রাজ্যের উত্তরাঞ্চলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হয়েছেন মধ্যে টাউনসভিল, ইনহাম এবং কার্ডওয়েলের বাসিন্দারা। কর্তৃপক্ষ জানিয়েছে, শনিবার থেকে এই অঞ্চলের কিছু অংশে প্রায় ১.৩ মিটার (৪.২ ফুট) বৃষ্টিপাত অব্যাহত থাকবে। ফলে নদী-নালা উপচে পড়বে। দেশটির প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজ এক্স পোস্টে লিখেছেন, এই বিপর্যয়ে আমি দেখেছি অস্ট্রেলিয়ানরা তাদের প্রয়োজনের সময় একে অপরকে সাহায্য করছে। বন্যার পানির হুমকি ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলোতে কয়েকদিন ধরে অব্যাহত থাকবে। কুইন্সল্যান্ড ট্রাকিং অ্যাসোসিয়েশন এবিসি নিউজকে জানিয়েছে, একটি সেতুর আংশিক ধসে পড়েছে। ফলে অতিরিক্ত ৭০০ কিলোমিটার ঘুরে যাতায়াত করতে হতে পারে। সেখানে গুরুত্বপূর্ণ সরবরাহ ব্যবস্থার গতি কমে যেতে পারে।

# অস্ট্রেলিয়ায় সাঁতার কাটতে গিয়ে হাঙরের কামড়ে কিশোরীর মৃত্যু



**আপনজন ডেস্ক:** অস্ট্রেলিয়ার পূর্বাঞ্চলের এক দ্বীপের উপকূলে সোমবার সাঁতার কাটার সময় হাঙরের কামড়ে ১৭ বছর বয়সী এক কিশোরী নিহত হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তারা এ তথ্য জানিয়েছেন, দেশটিতে পাঁচ সপ্তাহের মধ্যে হাঙরের তৃতীয় প্রাণঘাতী আক্রমণের ঘটনা এটি। ঘটনার পর কুইন্সল্যান্ডের উরিম সমুদ্রসৈকতে জরুরি চিকিৎসাকর্মীরা দ্রুত পৌঁছে কিশোরীকে চিকিৎসা দেওয়ার চেষ্টা করেন। অ্যাম্বুল্যান্স পরিষেবা সংস্থার এক মুখপাত্র জানান, কিশোরী শরীরের ওপরের অংশে গুরুতর আঘাত পেয়েছিল। পুলিশ জানায়, রাজ্যের রাজধানী ব্রিসবেন থেকে প্রায় ৫০ কিলোমিটার উত্তরে ব্রিবি আইল্যান্ডের জনপ্রিয় সার্ফিং এলাকায় দুপুরের দিকে সাঁতার কাটার সময় হাঙর তাকে কামড় দেয়। তারা ময়নাতদন্ত প্রতিবেদন প্রস্তুত করবে।
কুইন্সল্যান্ড পুলিশের এক মুখপাত্র বলেন, 'সে প্রাণঘাতী আঘাত পেয়েছিল এবং প্রায় ১৫ মিনিটের মধ্যেই মৃত্যুবরণ করে।'
অস্ট্রেলিয়ায় এটি চলতি বছরে হাঙরের দ্বিতীয় প্রাণঘাতী আক্রমণ। এর আগে ২ জানুয়ারি দক্ষিণ অস্ট্রেলিয়ার গ্রানাইটস নামে পরিচিত একটি সৈকতে ২৮ বছর বয়সী এক সার্ফারকে হাঙর আক্রমণ করে।

# সিরিয়ায় ভয়াবহ গাড়ি বোমা বিস্ফোরণে হতাহত ৩৫



**আপনজন ডেস্ক:** সিরিয়ার উত্তরে আলেপ্পোতে ভয়াবহ এক গাড়ি বোমা বিস্ফোরণে অন্তত ২০ জন নিহত এবং ১৫ জন আহত হয়েছেন। সোমবার আলেপ্পোর উত্তর-পূর্বাঞ্চলের মানবিজ শহরে এ বিস্ফোরণটি ঘটে।
স্থানীয় সূত্রের বরাত দিয়ে ইরানি বার্তা সংস্থা মেহের নিউজ জানিয়েছে, একটি গাড়ির কাছে এই শক্তিশালী বোমা বিস্ফোরণ ঘটে। গাড়িটি কর্মরত নারী ও কিশোরীদের বহন করছিল। ঘটনার পরপরই সিরিয়ার সিভিল ডিফেন্সের অ্যাম্বুলেন্স ও উদ্ধারকারী যান ঘটনাস্থলে পৌঁছে আহতদের চিকিৎসা দিতে শুরু করে। বিস্ফোরণের তীব্রতা এত বেশি ছিল যে আশপাশের ভবনও ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছে স্থানীয় সূত্র।
তবে এখনো পর্যন্ত কোনো সংগঠন এই হামলার দায় স্বীকার করেনি। সিরিয়ার সরকারি কর্তৃপক্ষও এখনো আনুষ্ঠানিক কোনো বিবৃতি দেয়নি। যদিও বিস্ফোরণের কারণ অনুসন্ধানে তদন্ত চলছে।
এদিকে বাশার আল আসাদ সরকারের পতনের পর এ ঘটনায় দেশটিতে নতুন করে অস্থিরতা ছড়িয়ে পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

আপনজন
ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর
২০ বর্ষ, ৩৪ সংখ্যা, ২১ মাঘ ১৪৩১, ৫ শাবান ১৪৪৬ হিজরি

## বড় চিন্তা!

অর্থনীতি হইল জাতীয় নিরাপত্তার ইঞ্জিন। এই অর্থনীতি আবার প্রভাবিত ও নিয়ন্ত্রিত হয় রাজনীতি দ্বারা। রাজনৈতিক স্থিতিশীলতা বজায় থাকিলে অর্থনীতির চাকা দুর্বার গতিতে ছুটিতে পারে। অন্যদিকে, অর্থনৈতিক সংকটের উত্পত্তি ঘটে রাজনৈতিক অস্থিরতা ও অস্থিতিশীলতার কারণে। আজিকার মহা প্রতিযোগিতার বিশ্বে বৃহত্ শক্তিগুলির মধ্যে যে ধরনের 'রাজনৈতিক খেলা' চলিতেছে, তাহা বিশ্ব অর্থনীতির জন্য কী বহিয়া আনিবে, তাহাই বিবেচ্য। বিশেষত, পরাশক্তিগুলির মধ্যকার রাজনৈতিক দ্বন্দ্ব-কলহের কারণে উন্নয়নশীল বিশ্বের দেশগুলিকে বরণ করিতে হইতেছে নানাবিধ অনভিপ্রেত দুর্বিপাক ও দুর্দশা। বৃহত্ অর্থনৈতিক শক্তিগুলির মধ্যে যে অস্থিরতা চলিতেছে, তাহার অভিঘাতে বিক্ষত হইতেছে ডেভলপিং নেশনস। পৃথিবীর বিভিন্ন প্রান্তে পক্ষগুলির মধ্যে চলমান যুদ্ধে আক্রান্ত অঞ্চলই কেবল ক্ষতিগ্রস্ত হইতেছে না, ইহার ফলে দরিদ্র দেশগুলির অবস্থাও অতি শোচনীয় হইয়া পড়িতেছে। 'রাজায় রাজায় যুদ্ধ হয়, উলুখাগড়ার প্রাণ যায়'—যুগ যুগ ধরিয়া শুনিয়া আসা এই কথাই বর্তমান বিশ্বে বড় বাস্তবতা। বৃহত্ শক্তিগুলির দ্বন্দ্বে বিশ্বের কোন কোন দেশ উত্তাল হইয়া উঠিতেছে, তাহার হদিস রাখাই যেন দুষ্কর! কারণ, সহিংস হউক বা অহিংস, সরকারগুলিকে একধরনের রাজনৈতিক অস্থিরতার মধ্য দিয়া যাইতে হইতেছে। এই অস্থির ঢেউয়ে আক্রান্ত প্রতিটি মহাদেশই। অর্থনৈতিক অনিশ্চয়তাই ইহার এক নম্বর কারণ। একটি সময় ছিল, যখন 'পরাশক্তি (সুপার পাওয়ার)' বলিতে আমরা দুইটি বলয় বা পক্ষকে বুঝিতাম, কিন্তু বর্তমান বিশ্বব্যবস্থায় আরো অনেক সুপার পাওয়ারের আবির্ভাব ঘটিয়াছে। সামরিক শক্তিমত্তার কলেবর বাড়াইতে সম্প্রসারণ ঘটিয়াছে পূর্বের শক্তিগুলিরও। কানেকটিভিটির বিশ্বে ইহা এমন এক ব্যবস্থা, যেইখানে ক্ষুদ্র দেশগুলিও কোনো একটি পক্ষে নাম লেখাইতে বাধ্য। এই অর্থে, বৃহত্ শক্তিগুলির মধ্যে কোনো বিবাদ দেখা দিলে তাহাতে যেন স্বয়ংক্রিয়ভাবে জড়াইয়া পড়িতেছে ক্ষুদ্র দেশগুলি, তথা উন্নয়নশীল বিশ্ব। ইহার ফলে ঐ সকল উন্নয়নশীল দেশের জাতীয় জীবনেও নামিয়া আসিতেছে একধরনের অস্থিরতা, অনিশ্চয়তা ও দ্বিধা।

বর্তমান বাস্তবতায় বৈশ্বিক অর্থনীতিকে হাতের মুঠোয় রাখিবার জন্যই তীব্র প্রতিযোগিতায় অবতীর্ণ হইয়াছে সুপার পাওয়ারগুলি। ইহার ফলে যুদ্ধবিগ্রহ কেবল বাড়িতেছেই। সৃষ্টি হইতেছে নূতন নূতন সংকট। এই সকল সংকট বা সংকটাবস্থা বৃহত্ রাষ্ট্রগুলি সামলাইতে পারিলেও দরিদ্র দেশগুলি পড়িয়া যাইতেছে অর্থনীতির গভীর খাদে। উদ্ভূত সংকট হইতে নিষ্কৃতি লাভে কোনো একটি পক্ষের সঙ্গে চলিতে গিয়া পড়িয়া যাইতেছে নূতন বিপদে। অনিশ্চয়তার বেড়াজালে আবদ্ধ হইয়া হাঁসফাঁস করিতেছে অনেক দেশ। বিশ্বব্যাংক বহুকাল পূর্ব হইতেই মন্দার আশঙ্কা করিয়া আসিতেছে। সত্যি বলিতে, বিশ্বব্যাপী মন্দা চলিতেছে! ইহা যে পরাশক্তিগুলির মধ্যকার প্রতিযোগিতার সাইড ইফেক্ট, তাহা আজ পরিষ্কার। অর্থাত্, অস্থিতিশীল বৈশ্বিক রাজনীতি উন্নয়নশীল বিশ্বের অর্থনৈতিক মেরুদণ্ডকে একেবারে ভাঙিয়া চূর্ণবিচূর্ণ করিয়া দিতেছে। ইহা তো মহা মুশকিলের কথা!

সংঘাত-যুদ্ধ যখন শেষ হইয়া যায়, তখন ক্লান্ত-পরিশ্রান্ত মানুষের কপালে জোটে করের বোঝা—ঋণ, রাশি রাশি বিধবা আর কাঠের পা। অর্থাত্, পরাশক্তিগুলি যখন যুদ্ধ থামাইবে, তখন বিশ্বের চূড়ান্ত অবস্থা কীরূপ হইবে, তাহা সহজেই অনুমেয়। সেই সময় উন্নয়নশীল বিশ্বের চিত্র কেমন হইবে? যুদ্ধজাত অস্থিরতা এড়াইয়া যাওয়ার চেষ্টা করিলেও তাহা হইতে কি নিষ্কৃতি পাওয়া যাইবে? পরাশক্তিগুলির মধ্যকার দ্বন্দ্ব-ফ্যাসাদ যেইহেতু শীঘ্র শেষ হইবে বলিয়া মনে হইতেছে না, কাজেই আমাদের ভবিষ্যতের পৃথিবী হইবে 'দ্বিধার পৃথিবী'। সেই পৃথিবীতে নিশ্চিতভাবে অপেক্ষা করিতেছে আরো বড় বিপদ! পরাশক্তিসৃষ্ট অস্থিরতা এবং তাহার কারণে উন্নয়নশীল বিশ্বের দুর্দশার উত্তরণ ঘটিবে কীভাবে, তাহাই বড় চিন্তা!

•••••••••••••

# সিরিয়া কি 'আফগানিস্তান' হয়ে উঠছে



সিরিয়ার সাম্প্রতিক ঘটনাবলি বিশ্বব্যাপী ব্যাপক আলোড়ন তুলেছে। এটি ইউক্রেন ও গাজার সংকট থেকে আন্তর্জাতিক মনোযোগ সরিয়ে নিচ্ছে। অনেক বিশ্লেষক সিরিয়ার বর্তমান পরিস্থিতিকে ২০২১ সালের আফগানিস্তানের সঙ্গে তুলনা করছেন। যদিও দুই দেশের ভৌগোলিক ও সাংস্কৃতিক বাস্তবতা ভিন্ন, তবে দেশ দুটির মধ্যে আদর্শিক দৃষ্টিভঙ্গি, বিদেশি হস্তক্ষেপ, শাসনব্যবস্থা, সাম্প্রদায়িক বিভাজন, রাজনৈতিক বৈচিত্র্য, লিঙ্গনীতি ও আন্তর্জাতিক বৈধতার মতো বেশ কিছু বিষয়ে মিল রয়েছে। লিখেছেন **সায়েদ ইয়াকুব এমাদ...**



সিরিয়ার সাম্প্রতিক ঘটনাবলি বিশ্বব্যাপী ব্যাপক আলোড়ন তুলেছে। এটি ইউক্রেন ও গাজার সংকট থেকে আন্তর্জাতিক মনোযোগ সরিয়ে নিচ্ছে। অনেক বিশ্লেষক সিরিয়ার বর্তমান পরিস্থিতিকে ২০২১ সালের আফগানিস্তানের সঙ্গে তুলনা করছেন। যদিও দুই দেশের ভৌগোলিক ও সাংস্কৃতিক বাস্তবতা ভিন্ন, তবে দেশ দুটির মধ্যে আদর্শিক দৃষ্টিভঙ্গি, বিদেশি হস্তক্ষেপ, শাসনব্যবস্থা, সাম্প্রদায়িক বিভাজন, রাজনৈতিক বৈচিত্র্য, লিঙ্গনীতি ও আন্তর্জাতিক বৈধতার মতো বেশ কিছু বিষয়ে মিল রয়েছে।

সিরিয়ার সংকটের মূল ১৯৮০-এর দশকে। ১৯৮২ সালে হাফেজ আল-আসাদের সরকার দেশটির হামায় রাসায়নিক অস্ত্র ব্যবহার করে ১০ হাজার থেকে ৪০ হাজার সুন্নি নাগরিককে হত্যা করেছিলেন বলে অভিযোগ আছে। মানবাধিকার সংস্থাগুলোর মতে, এই অঞ্চলে এটিই ছিল প্রথম রাসায়নিক অস্ত্র ব্যবহারের ঘটনা। ২০১১ সালে আরব বসন্তের সময় কয়েকজন সুন্নি কিশোরকে হত্যা করার ঘটনায় সেখানে বিক্ষোভ শুরু হয়েছিল। এর জেরে আসাদ সরকার ব্যাপক দমন-পীড়ন চালিয়েছিল, বহু মানুষকে হত্যা ও কারাবন্দী করেছিল এবং লাখ লাখ মানুষকে বাস্তুচ্যুত করেছিল।

সম্প্রতি হায়াত তাহরির আল-শামের (এইচটিএস) অগ্রযাত্রা ও বাশার আল-আসাদের পতন অনেকটা তালেবানের কাবুল দখলের মতো দ্রুত ঘটেছে। দামেস্ক পতনের ঘটনাকে ১৯৯০-এর দশকে আফগানিস্তানে নাজিবুল্লাহ সরকারের পতনের সঙ্গে তুলনা করা যেতে পারে।

এইচটিএস আদর্শিকভাবে মুজাহিদীন গোষ্ঠীগুলোর সঙ্গে যুক্ত। অন্যদিকে আসাদের বাথ পার্টির শাসন আফগানিস্তানের সাবেক কমিউনিস্ট সরকারের মতোই ছিল। তালেবান যেভাবে ক্ষমতা নিয়ে সাধারণ ক্ষমার ঘোষণা দিয়েছিল, একইভাবে এইচটিএস ক্ষমতা নেওয়ার পর সাধারণ ক্ষমার ঘোষণা দিয়েছে। অবশ্য এখনো তা কার্যকর হয়নি।

তালেবান ও হায়াত তাহরির আল-শামের (এইচটিএস) আদর্শিক ভিত্তি ভিন্ন ইসলামি ধারায় প্রতিষ্ঠিত। তালেবানের মতাদর্শ দেওবন্দি মাদ্রাসাভিত্তিক, যা কিনা ইসলামকে রক্ষণশীল ও ঐতিহ্যবাহীভাবে ব্যাখ্যা করে। অন্যদিকে এইচটিএসের মতাদর্শ কোনো সময়েই মুসলিম ব্রাদারহুডের সঙ্গে যুক্ত ছিল না। বরং সংগঠনটি আল-কায়েদা থেকে একটি অপেক্ষাকৃত মধ্যপন্থী অবস্থানে এসেছে।

এমনকি ব্রাদারহুড নেতারা এ কারণে হতাশ যে এইচটিএস নেতা আহমদ আল-শারা তাদের প্রভাব থেকে সংগঠনটিকে দূরে রেখেছেন। সোভিয়েত বাহিনীর বিরুদ্ধে যুদ্ধের সময় গড়ে ওঠা এবং ২০০৩ সালের পর ইরাক আগ্রাসনের দিকে মনোযোগ দেওয়া আল-কায়েদার মধ্যেই মূলত এইচটিএসের শিকড় প্রোথিত। অন্যদিকে তালেবানের নেতৃত্ব মূলত সেই মুজাহিদিন ও জিহাদি গোষ্ঠীগুলোর মধ্য থেকে উঠে এসেছে, যারা সোভিয়েত বাহিনীর বিরুদ্ধে লড়েছিল।

'তালেবান' শব্দের অর্থ 'ছাত্ররা', যা তাদের দেওবন্দি মাদ্রাসা-সংযোগের ইঙ্গিত দেয়। মুজাহিদিনদের বিজয়ের পর ১৯৯০-এর দশকে শাসনব্যবস্থা, নৈরাজ্য এবং বিদেশি হস্তক্ষেপ নিয়ে তালেবানের মধ্যে বিভক্তি তৈরি হয়। তালেবান মূলত দেওবন্দি মতাদর্শে গঠিত হলেও জিহাদি গোষ্ঠীগুলো মুসলিম ব্রাদারহুডের আদর্শে ব্যাপকভাবে প্রভাবিত ছিল।

এইচটিএস তুলনামূলকভাবে নারীদের অধিকারে নমনীয় অবস্থান দেখিয়েছে। তাদের সরকারে নারীরা মন্ত্রিসভা ও কেন্দ্রীয় ব্যাংকের নেতৃত্বে ভূমিকা রাখছে। বিপরীতে, তালেবান নারীদের শিক্ষা ও কর্মসংস্থানে কঠোর নিষেধাজ্ঞা আরোপ করেছে। সাংস্কৃতিকভাবেও তাদের মধ্যে পার্থক্য স্পষ্ট। এইচটিএসের নেতারা পশ্চিমা পোশাক পরলেও তালেবান ঐতিহ্যবাহী আফগান বা পাকিস্তানি পোশাক পরায় অনড়।

সিরিয়া কিছুটা অভ্যন্তরীণ স্বীকৃতি পেলেও নির্বাচন না হলে তা নষ্ট

> **'তালেবান' শব্দের অর্থ 'ছাত্ররা', যা তাদের দেওবন্দি মাদ্রাসা-সংযোগের ইঙ্গিত দেয়। মুজাহিদিনদের বিজয়ের পর ১৯৯০-এর দশকে শাসনব্যবস্থা, নৈরাজ্য এবং বিদেশি হস্তক্ষেপ নিয়ে তালেবানের মধ্যে বিভক্তি তৈরি হয়। তালেবান মূলত দেওবন্দি মতাদর্শে গঠিত হলেও জিহাদি গোষ্ঠীগুলো মুসলিম ব্রাদারহুডের আদর্শে ব্যাপকভাবে প্রভাবিত ছিল। এইচটিএস তুলনামূলকভাবে নারীদের অধিকারে নমনীয় অবস্থান দেখিয়েছে। তাদের সরকারে নারীরা মন্ত্রিসভা ও কেন্দ্রীয় ব্যাংকের নেতৃত্বে ভূমিকা রাখছে। বিপরীতে, তালেবান নারীদের শিক্ষা ও কর্মসংস্থানে কঠোর নিষেধাজ্ঞা আরোপ করেছে। সাংস্কৃতিকভাবেও তাদের মধ্যে পার্থক্য স্পষ্ট। এইচটিএসের নেতারা পশ্চিমা পোশাক পরলেও তালেবান ঐতিহ্যবাহী আফগান বা পাকিস্তানি পোশাক পরায় অনড়।**

হতে পারে। আন্তর্জাতিকভাবে তারা পুনরায় স্বীকৃতি পেতে চেষ্টা করছে। অন্যদিকে আফগানিস্তান অভ্যন্তরীণ সংকট ও আন্তর্জাতিক স্বীকৃতির অভাবে ভুগছে। বিশেষ করে মেয়েদের শিক্ষার নিষেধাজ্ঞা, রাজনৈতিক দল নিষিদ্ধকরণ ও সাংবিধানিক শূন্যতা তালেবান সরকারের বৈধতাকে প্রশ্নবিদ্ধ করেছে।

আফগানিস্তান ও সিরিয়ার রাজনৈতিক পথ আলাদা। আফগানিস্তান ঐতিহ্যগতভাবে সুন্নি-হানাফি মুসলমানদের দ্বারা শাসিত। অন্যদিকে সিরিয়া শিয়া সম্প্রদায়ের আলাওয়ি গোষ্ঠীশাসিত ছিল। তারা ধর্মনিরপেক্ষ ছিল। এখন সিরিয়ায় সুন্নি-হানাফি মুসলমানদের উত্থান ঘটেছে। এর মধ্য দিয়ে আফগানিস্তানের শাসনের সঙ্গে সিরিয়ার শাসনের সাদৃশ্য দেখা যাচ্ছে। তবে এর স্থায়িত্ব অনিশ্চিত।

জাতিগত গঠনের দিক থেকেও এদের মধ্যে পার্থক্য রয়েছে। সিরিয়ায় প্রধানত আরব, তুর্কি ও কুর্দিরা বসবাস করে। আর আফগানিস্তানে পশতুন, তাজিক, হাজারা ও উজবেকরা মিলেমিশে বসবাস করে।

উভয় দেশেই কার্যকর রাজনৈতিক দল নেই। এইচটিএস চার বছরের মধ্যে নির্বাচন অসম্ভব বলছে। আর তালেবান সব রাজনৈতিক দল নিষিদ্ধ করেছে।

সিরিয়া কিছুটা অভ্যন্তরীণ স্বীকৃতি পেলেও নির্বাচন না হলে তা নষ্ট হতে পারে। আন্তর্জাতিকভাবে তারা পুনরায় স্বীকৃতি পেতে চেষ্টা করছে। অন্যদিকে আফগানিস্তান অভ্যন্তরীণ সংকট ও আন্তর্জাতিক স্বীকৃতির অভাবে ভুগছে। বিশেষ করে মেয়েদের শিক্ষার নিষেধাজ্ঞা, রাজনৈতিক দল নিষিদ্ধকরণ ও সাংবিধানিক শূন্যতা তালেবান সরকারের বৈধতাকে প্রশ্নবিদ্ধ করেছে।

এইচটিএস ও তালেবানের পতাকা তাদের আদর্শিক ও রাজনৈতিক দৃষ্টিভঙ্গিকে প্রতিফলিত করে। উভয়ের পতাকায় সাদা রঙের পটভূমিতে আরবি হরফে কলেমা লেখা থাকলেও এইচটিএসের পাশাপাশি সিরীয় বিরোধী আন্দোলনের আরেকটি পতাকা ব্যবহার করে। এটি এইচটিএসের জাতীয় ঐক্যের প্রতীক হিসেবে তালেবানের সঙ্গে তাদের পার্থক্য নির্দেশ করে।

এইচটিএস-শাসিত সিরিয়া পশ্চিমা শক্তিগুলোর দিকে ঝুঁকেছে। বিশেষ করে তারা তুরস্কের সঙ্গে সম্পর্ক জোরদার করেছে। তবে আনুষ্ঠানিক স্বীকৃতির অনিশ্চয়তার কারণে এই সম্পর্ক এখনো দৃঢ় হয়নি।

সিরিয়ার নতুন প্রশাসনের সঙ্গে তুরস্ক, উপসাগরীয় দেশগুলো ও জর্ডানের ইতিবাচক সম্পর্ক গড়ে উঠেছে। তারা অর্থনৈতিক সহায়তা ও পুনর্গঠনের প্রতিশ্রুতি দিয়েছে। ইসরায়েল যদিও সিরিয়ায় বোমা হামলা চালিয়ে যাচ্ছে এবং সিরিয়ার কিছু অঞ্চল দখল করে রেখেছে, তবু এইচটিএস সরকারের বিষয়ে ইসরায়েলের অবস্থান স্পষ্ট নয়। এইচটিএস নেতা নতুন শাসনের শুরুতেই ইরানকে সিরিয়ায় হস্তক্ষেপ না করার বিষয়ে সতর্ক করে দিলেও অন্য দেশগুলোর বিষয়ে তিনি নির্দিষ্ট কোনো মন্তব্য করেননি।

অন্যদিকে তালেবানশাসিত আফগানিস্তানের সঙ্গে প্রতিবেশী দেশগুলোর সম্পর্ক মূলত সহযোগিতামূলক, তবে সতর্কতামূলক। পাকিস্তান বিশেষভাবে হতাশ। কারণ, তেহরিক-ই-তালেবান পাকিস্তান (টিটিপি) আফগানিস্তানে অবস্থান করছে। অন্য প্রতিবেশী দেশগুলো অর্থনৈতিক সহযোগিতা বাড়িয়েছে, বড় প্রকল্প যেমন খনি ও বাঁধ নির্মাণে বিনিয়োগ করেছে। এটি ২০২১ সালে যুক্তরাষ্ট্রের কাবুল ত্যাগের ফলে তৈরি হওয়া শূন্যতা পূরণে ভূমিকা রাখছে।

আঞ্চলিক সম্পর্কেও দুই দেশের পার্থক্য রয়েছে। আফগানিস্তান ও পাকিস্তানের মধ্যে ডুরান্ড লাইন নিয়ে দীর্ঘদিনের বিরোধ এবং ইরানের সঙ্গে পানিসম্পদ নিয়ে উত্তেজনা অব্যাহত রয়েছে। অন্যদিকে সিরিয়া ও তুরস্ক অতীতের দ্বন্দ্ব মিটিয়ে সম্পর্ক উন্নয়ন করেছে। তবে ইরানের সঙ্গে সিরিয়ার নতুন সরকারের আদর্শিক ও সাম্প্রদায়িক চ্যালেঞ্জ রয়ে গেছে।

প্রাকৃতিক ও মানবসম্পদ উভয় দেশেই প্রচুর পরিমাণে রয়েছে। আফগানিস্তানে প্রচুর খনিজ সম্পদ ও পানির মজুত আছে। সিরিয়ায় রয়েছে তেল ও সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য। এ ছাড়া দুই দেশেই তরুণ জনগোষ্ঠীর সংখ্যা বেশি।


সিরিয়া ও আফগানিস্তান দীর্ঘদিনের সংঘাতে বিধ্বস্ত। যুদ্ধ, শরণার্থী সংকট, ধ্বংসপ্রাপ্ত অর্থনীতি ও বিভক্ত সমাজ তাদের সাধারণ চ্যালেঞ্জ। স্থায়ী শান্তি ও উন্নতির জন্য উভয় জায়গায় ব্যাপক সংস্কার ও আন্তর্জাতিক সহায়তা প্রয়োজন।

***সায়েদ ইয়াকুব এমাদ আফগান বংশোদ্ভূত ব্রিটিশ লেখক ও গবেষক, মিডল ইস্ট মনিটর থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষিপ্ত আকারে অনুবাদ***

---

পল টেলর

# এরদোগান কি পারবেন ট্রাম্পের সঙ্গে কৌশলে বন্ধুত্ব গড়তে



তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান দুই দশকের বেশি সময় ধরে কৌশলী ভারসাম্য বজায় রেখে পশ্চিমা বিশ্ব, রাশিয়া ও চীনের সঙ্গে সম্পর্ক রক্ষা করে আসছেন। তাঁর কৌশলে একদিকে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের দুই পক্ষই তুরস্কের সহায়তা থেকে উপকৃত হয়েছে, তেমনি মধ্যপ্রাচ্য ও আশপাশের অঞ্চলে তুরস্কের সামরিক উপস্থিতি এবং প্রভাব বাড়ানো সম্ভব হয়েছে। সিরিয়া, লিবিয়া, ককেশাস, পূর্ব ভূমধ্যসাগর ও উপসাগরীয় এলাকায় তুরস্কের শক্তি বৃদ্ধি ঘটেছে। পাশাপাশি আফ্রিকা, মধ্য এশিয়া ও পশ্চিম বলকানে তুরস্ক নিজের 'সফট পাওয়ার' বিস্তার করতে পেরেছে। সেই সঙ্গে তুরস্ক একটি শক্তিশালী প্রতিরক্ষা শিল্প গড়ে তুলেছে।

এখন প্রশ্ন হচ্ছে, ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে এরদোগান কি তাঁর এই কৌশলী নীতি ধরে রাখতে পারবেন। সেই নীতি কি আগের মতোই লাভজনক হবে?

ট্রাম্পের প্রথম মেয়াদে যুক্তরাষ্ট্র ও তুরস্কের মধ্যে উত্তেজনা বেশ বেড়েছিল। ওয়াশিংটনের নিষেধাজ্ঞা উপেক্ষা করে আঙ্কারা যখন রাশিয়ার কাছ থেকে উন্নত প্রতিরক্ষাব্যবস্থা এস-৪০০ কিনেছিল। তখন যুক্তরাষ্ট্র তুরস্ককে অত্যাধুনিক এফ-৩৫ ফাইটার জেট প্রকল্প থেকে বাদ দেয়। অন্যদিকে এরদোগান অভিযোগ করেছিলেন যে যুক্তরাষ্ট্র তাঁর অন্যতম রাজনৈতিক প্রতিপক্ষ ফেতুল্লাহ গুলেনকে আশ্রয় ও সহায়তা দিচ্ছে।

একসময় ট্রাম্প প্রকাশ্যে হুমকি দিয়েছিলেন যে এরদোগান যদি সিরিয়ায় মার্কিন-সমর্থিত কুর্দি বাহিনীর ওপর হামলা চালাতে সেনা পাঠান, তবে তুরস্কের অর্থনীতি ধ্বংস করে দেওয়া হবে। তুরস্ক ওই কুর্দি গোষ্ঠীকে কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টির (পিকেকে) শাখা হিসেবে দেখে। এরা তুরস্কের সবচেয়ে ভয়ংকর অভ্যন্তরীণ শত্রু। তবে ট্রাম্পের দ্বিতীয়বার নির্বাচিত হওয়াকে বিশ্বনেতাদের মধ্যে সবচেয়ে বেশি উচ্ছ্বাসের সঙ্গে স্বাগত জানিয়েছেন এরদোগান। অন্যদিকে ট্রাম্পও এরদোগানকে 'বন্ধু' বলে উল্লেখ করে সিরিয়ায় বাশার আল-আসাদের নৃশংস শাসনের পতনে তুরস্কের ভূমিকার প্রশংসা প্রকাশ করেছেন।

বাইডেনের আমলে এরদোগানকে কখনো হোয়াইট হাউসে আমন্ত্রণ জানানো হয়নি। দুই দেশের সম্পর্কও ছিল বেশ ঠান্ডা, কিন্তু ট্রাম্প এখনো এরদোগানের ফোন ধরেন। নতুন মার্কিন প্রশাসনও স্বীকার করছে যে তুরস্ক এখন একটি আত্মবিশ্বাসী মাঝারি শক্তি হয়ে উঠেছে।

ইউক্রেন যুদ্ধ নিয়ে তুরস্ক পশ্চিমা নিষেধাজ্ঞায় যোগ দিতে অস্বীকৃতি জানিয়েছে। সম্প্রতি সে চীন ও রাশিয়ার নেতৃত্বাধীন ব্রিকস গোষ্ঠীতে যোগ দেওয়ার আবেদন করেও ব্যর্থ হয়েছে। তারপরও তুরস্ক পশ্চিমা শিবিরেই রয়ে গেছে। ন্যাটোর সদস্য হিসেবে তুরস্কের ভূমিকা গুরুত্বপূর্ণ। দীর্ঘদিন ধরে তুরস্ক ইইউ সদস্যপদপ্রত্যাশী একটি দেশ।

তুরস্ক ও মার্কিন বিশেষজ্ঞরা রাশিয়ার এস-৪০০ ক্ষেপণাস্ত্র নিয়ে বিরোধ সমাধানের সম্ভাবনা দেখা যাচ্ছেন। তা হতে পারে ক্ষেপণাস্ত্রটি ইঞ্চিরলিক বিমানঘাঁটিতে সংরক্ষণ করে রাখা। সেখানে মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় বিমানঘাঁটি রয়েছে। বিনিময়ে ওয়াশিংটন তুরস্কের ওপর আরোপিত অস্ত্র নিষেধাজ্ঞা প্রত্যাহার করবে এবং এফ-৩৫ যুদ্ধবিমান বিক্রি করবে। তবে প্রশ্ন হলো, তুরস্ক কি এখনো এই প্রস্তাবে আগ্রহী হবে? কারণ, তুরস্ক ইতিমধ্যে নিজস্ব যুদ্ধবিমান উন্নয়নে মনোযোগ দিয়েছে।

ট্রাম্প তাঁর প্রথম মেয়াদে মধ্যপ্রাচ্যের দীর্ঘমেয়াদি যুদ্ধ থেকে সরে আসার নীতি গ্রহণ করেছিলেন। সিরিয়ায় মার্কিন-সমর্থিত কুর্দি বাহিনীর সঙ্গে যুক্ত মার্কিন বিশেষ বাহিনী প্রত্যাহারের চেষ্টা করেছিলেন। তবে তা সফল হয়নি। ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে তুরস্কের সঙ্গে সিরিয়া নীতিতে নতুন সমঝোতা হতে পারে।

আঙ্কারা আরেকটি কৌশলগত পদক্ষেপ নিয়েছে। যুক্তরাষ্ট্রের অর্থ মন্ত্রণালয় গোপনে সতর্কবার্তা পাঠিয়ে রাশিয়ান নিষেধাজ্ঞার লঙ্ঘনে সহায়তাকারী তুর্কি ব্যাংকগুলোর কার্যক্রম বন্ধের আহ্বান জানায়। তুরস্ক সেই নির্দেশনা মেনে নেয়। যদিও রাশিয়ার সঙ্গে তুরস্কের বাণিজ্য ২০২২ সালে ইউক্রেন যুদ্ধের পর প্রায় তিন গুণ বেড়েছে। তবে রুশ পর্যটকদের সংখ্যা হ্রাস পাওয়ায় কিছু অর্থনৈতিক ক্ষতির সম্মুখীনও হয়েছে তুরস্ক। তবে মস্কোর সঙ্গে সম্পর্ক বজায় রাখার পাশাপাশি ইউক্রেনকেও সামরিক সহায়তা দিয়ে যাচ্ছে তুরস্ক। তুরস্ক একদিকে যেমন রাশিয়ার সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক রেখেছে, তেমনি পশ্চিমা মিত্রদের স্বার্থও পুরোপুরি এড়ায়নি।

এরদোগান জোরালোভাবে হামাস ও ফিলিস্তিনি প্রতিরোধের পক্ষে অবস্থান নিয়েছেন। তিনি ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে 'গণহত্যাকারী' আখ্যা দিয়ে হিটলারের সঙ্গে তুলনা করেছেন। ফলে ইসরায়েলপন্থী ট্রাম্প প্রশাসনের সঙ্গে তার সংঘাতের সম্ভাবনা তৈরি হয়েছে। তবে বিষয়টি এতটা সরল নয়। এরদোগান ৭ অক্টোবর ২০২৩-এ হামাসের হাতে ইসরায়েলি বেসামরিক নাগরিকদের হত্যাকাণ্ডের ঠিক আগমুহূর্তে নেতানিয়াহুকে তুরস্কে স্বাগত জানানোর পরিকল্পনা করছিলেন। দুই দেশের সম্পর্ক উন্নতির পথে এগোচ্ছিলেন। কিন্তু গাজায় ইসরায়েলি সামরিক অভিযানের কারণে নতুন করে সংকট তৈরি হয়। এতে তুরস্ক-ইসরায়েল সম্পর্ক ক্ষতিগ্রস্ত হয়।

তুরস্ক আনুষ্ঠানিকভাবে ২০২৩ সালে ইসরায়েলের সঙ্গে বাণিজ্য সম্পর্ক ছিন্ন করার ঘোষণা দেয়। তবে বাস্তবে বিষয়টি আরও জটিল। আজারবাইজান থেকে ইসরায়েলে তেল সরবরাহ এখনো তুরস্কের বন্দর ব্যবহার করেই হয়; অর্থাৎ নতুন নামে ইসরায়েলের সঙ্গে তুরস্কের বাণিজ্য অব্যাহত রয়েছে। ইসরায়েলের গণমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, ইসরায়েলের অভ্যন্তরীণ গোয়েন্দা সংস্থা শিন বেতের প্রধান গত নভেম্বর মাসে তুর্কি গোয়েন্দাপ্রধান ইব্রাহিম কালিনের সঙ্গে গোপন বৈঠক করেছেন।

যুক্তরাষ্ট্র-তুরস্ক সম্পর্কের জন্য সবচেয়ে বড় ঝুঁকি হলো সিরিয়ায় তুরস্ক ও ইসরায়েলের মধ্যে সরাসরি সংঘাতের আশঙ্কা। আসাদ সরকারের পতনের পর নিরাপত্তাহীনতা তৈরি হওয়ায় এই অঞ্চলে তারা কার্যত প্রতিবেশী হয়ে উঠেছে। ইসরায়েলের রাজনীতিক ও শিক্ষাবিদেরা ক্রমে তুরস্ককে ইহুদি রাষ্ট্রের জন্য হুমকি হিসেবে দেখতে শুরু করেছেন। অন্যদিকে কিছু তুর্কি সামরিক পরিকল্পনাবিদ আশঙ্কা করছেন যে ইসরায়েল গোপনে কুর্দি যোদ্ধাদের সঙ্গে মিলে তুরস্কের বিরুদ্ধে ষড়যন্ত্র করতে পারে।

তুরস্ক-ইসরায়েল সংঘাত হলে মধ্যপ্রাচ্যে শান্তি প্রতিষ্ঠা ও সেখান থেকে যুক্তরাষ্ট্রের সামরিক উপস্থিতি কমানোর ট্রাম্পের পরিকল্পনা ভেস্তে যেতে পারে। তবে এরদোগান অত্যন্ত চতুর ও বাস্তববাদী নেতা। তাই তিনি পরিস্থিতি তিনি এত দূর যেতে দেবেন না বলেই মনে হয়।

***পল টেলর ইউরোপিয়ান পলিসি সেন্টারের সিনিয়র ভিজিটিং ফেলো***
***গার্ডিয়ান থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষিপ্তাকারে অনুবাদ***

প্রথম নজর

# বই লিখে তাক লাগাল আট বছর বয়সি আরুহী



এম মেহেদী সানি ● কলকাতা

**আপনজন:** পিতা প্রসিদ্ধ লেখক, বইয়ের প্রচ্ছদে পিতার নাম দেখে ছোট্ট মেয়ে স্বপ্ন দেখতো বই লেখার । রাস্কিন বন্ডের লেখার দ্বারা অনুপ্রাণিত হয়ে ছোট্ট মেয়ে সে তার নিজের অ্যাডভেঞ্চার এবং তার চারপাশের বিশ্বের উপর ভিত্তি করে শুরু করে গল্প লেখা । ৩৫টি ইংরেজি ছোট গল্প দিয়ে সম্পন্ন হল আট বছর বয়সী ছোট্ট আরুহী মিশ্রের প্রথম বই 'MUSINGS OF AN EIGHT-YEAR-OLD ।' রবিবার কলকাতা আন্তর্জাতিক বইমেলায় প্রকাশিত হলো ৯৩ পৃষ্ঠার ওই বইটি। জানা গিয়েছে, আইসিএসসি বোর্ডের বেসরকারি ইংরেজি মাধ্যম স্কুলের দ্বিতীয় শ্রেণীর ছাত্রী আরুহী। আরুহীর পিতা সানি মিশ্র উত্তর বঙ্গের প্রথম ট্রাডিশনালি প্রকাশিত ইংরেজি ঔপন্যাসিক বর্তমানে তিনি মাধ্যমিক শিক্ষা বিভাগের দক্ষিণ ২৪ পরগণা জেলার বিদ্যালয় পরিদর্শক। সানির পিতা বিশিষ্ট সঙ্গীতাচার্য পন্ডিত বিষ্ণু সেবক মিশ্র। পারিবারিকভাবেই সংগীত চর্চা এবং লেখালেখি রেওয়াজ রয়েছে বরাবরই। ছোট্ট আরুহী মিশ্রও সেই পথ অনুসরণ করে অনেক বড় হতে চায়, আরুহীর সঙ্গে কথা বলে জানা যায়, বিদ্যালয়ের ছুটির দিন গুলোকে কাজে লাগিয়ে ইংরেজিতে ৩৫টি ছোট গল্প লিখতে তাঁর ৮-৯ মাস সময় লেগেছে। লেখালেখির পাশাপাশি ছোট্ট আরুহী ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীত (ভোকাল) অনুশীলন করে। বড় হয়ে সে ডাক্তার হতে চায়। আরুহীর পরিবারের সঙ্গে কথা বলে জানা গিয়েছে, সে ছোট থেকেই যথেষ্ট মেধাবী। বর্তমান প্রজন্ম যখন বই থেকে দূরে সরে গিয়ে মোবাইল ফোন এবং ল্যাপটপে সীমাবদ্ধ তখন বই মুখি একমাত্র মেয়ে আরুহীকে ঘিরে অনেক স্বপ্ন দেখছে পরিবার। পড়াশোনার পাশাপাশি আরুহীর এমন বিরল প্রতিভার প্রশংসা করছে অনেকেই। আরুহী মিশ্রের 'MUSINGS OF AN EIGHT-YEAR-OLD' বইটি বইমেলার লিটল ম্যাগাজিন প্যাভিলিয়নের ৯৮ নং টেবিলে পাওয়া যাচ্ছে।

# সাহিত্য সম্মেলন বসিরহাট টাউন হলে

নিজস্ব প্রতিবেদক ● বসিরহাট



**আপনজন:** সাহিত্য ও সাংস্কৃতিক সম্মেলন অনুষ্ঠিত হল উত্তর চব্বিশ পরগনা জেলার বসিরহাট টাউন হলে। ২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে "মন মেখলার স্বপ্ন" সাহিত্য ও সাংস্কৃতিক পত্রিকার আয়োজনে অনুষ্ঠিত হয় সাহিত্য ও সাংস্কৃতিক সম্মেলন।
অনুষ্ঠানে প্রায় অর্ধশত কবি স্বরচিত কবিতা পাঠ করেন। কয়েকজন কবি কে "মধু কবি সম্মাননা" প্রদান করা হয়। দক্ষিণ চব্বিশ পরগনা জেলার ভাঙড়ের মাছিভাঙা গ্রামের মহম্মদ মোফিজুল ইসলাম এদিন স্বরচিত কবিতা পাঠ করেন। পাশাপাশি মধু কবি সম্মাননা গ্রহণ করেন তিনি। মন মেখলার স্বপ্ন সাহিত্য ও সাংস্কৃতিক পত্রিকার সম্পাদক তথা প্রতিষ্ঠাতা রিনা পাল দত্ত জানান একবছর সাহিত্য ও সাংস্কৃতিক পত্রিকাটি দ্বিতীয় বর্ষে পদার্পণ করল।
*ছবি: সাদ্দাম হোসেন মিদ্দে*

# বইমেলায় কাব্যগ্রন্থ প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ● বসিরহাট



**আপনজন:** শুক্রবার ৪৮তম আন্তর্জাতিক কলকাতা বইমেলায় প্রকাশিত হলো কবি দীনমহাম্মদ সেখের চতুর্থ কাব্যগ্রন্থ "নিভৃত রাতের কুয়াশা ও ঈশ্বর সংলাপ"অন্বেষা পাবলিকেশনের ৪৬৬ নম্বর স্টলে।
কাব্যগ্রন্থটি প্রকাশ করেন বিশিষ্ট ভাষাবিদ, সাহিত্যিক ও গবেষক ড. পবিত্র সরকার।
উপস্থিত ছিলেন বিশিষ্ট সাহিত্যিক চুমকি চট্টোপাধ্যায়, সুজয় ভট্টাচার্য, লিপিকা বন্দ্যোপাধ্যায়,অন্বেষা পাবলিকেশনের কর্ণধার শিবপ্রসাদ দাস সহ আরও অনেকে। এছাড়াও এদিন আরও বেশ কয়েকটি কাব্যগ্রন্থ প্রকাশিত হয় বিশিষ্টজনদের হাত ধরে।

# মাদ্রাসার শিক্ষার্থীদের নিয়ে শিক্ষামূলক ভ্রমণ




*আপনজন: উত্তর ২৪ পরগণার আমডাঙ্গাকে এস এইচ রাহানা সিনিয়র মাদ্রাসার শিক্ষা মূলক ভ্রমণ অনুষ্ঠিত হল কলকাতার ইকো পার্কে । এদিন মাদ্রাসার প্রায় ২০০ জন শিক্ষার্থীকে শিক্ষামূলক ভ্রমণে নিয়ে যান মাদ্রাসা শিক্ষকরা। উপস্থিত ছিলেন মাদ্রাসার ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মাওলানা মোফাজ্জল হক, পরিচালন কমিটির সম্পাদক আব্দুর রাজ্জাক গাজি, সভাপতি নূর হোসেন, সদস্য ফারুক আহমেদ, শিক্ষক মহঃ কালিমুল্লাহ, আবু সিদ্দিক খান, ক্বারী মাওলানা ডাঃ জাবেদ আলী সহ মাদ্রাসার অন্যান্য শিক্ষক শিক্ষিকারা।*

# বর্ষা বিদায় নিলেও নূতনগ্রামে রাস্তায় জল, প্রতিবাদে এলাকাবাসী

সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ



**আপনজন:** বাংলা থেকে পাকাপাকিভাবে বর্ষা বিদায় নিয়েছে মাস পাঁচেক আগে। কিন্তু তবুও রাস্তায় জমেছে এক হাঁটু জল। স্থানীয় প্রশাসনের উদাসীনতার জেরে এই পরিস্থিতি বলে দাবি বাসিন্দাদের। আর তাই প্রতিবাদে সরব হল এলাকাবাসী। মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ ব্লকের নূতনগ্রাম গ্রাম পঞ্চায়েতের মাঠপাড়া এলাকার ঘটনা।
স্থানীয় বাসিন্দা আকবর শেখ বলেন, "মাঠপাড়া এলাকায় বেশ কয়েক বছর আগে রাস্তার পাশে রাস্তার থেকে উঁচু নিকাশিনালা নির্মাণ করা হয়েছিল। নিকাশি নালার চাইতে নিচু রাস্তা হওয়ায় নিকাশি নালার জল প্রায়শই রাস্তায় জমে থাকে। নিকাশি নালার কোনো নির্দিষ্ট অন্ত নেই, দুই দিক থেকে নিকাশি নালাটি ঘেরা রয়েছে। ফলে জল বাড়লে রাস্তায় বাড়তি জল জমে যায়।
ওই এলাকায় একটি মাদ্রাসা, প্রাথমিক বিদ্যালয় এবং একটি মসজিদ রয়েছে। প্রায়শই বাসিন্দারা রাস্তায় চলাচল করার সময় তাদের পোশাক নষ্ট হয়। নষ্ট হয় ছাত্র-ছাত্রীদের বই-পত্র, পোশাক।" নিত্যদিনের এই সমস্যা থেকে মুক্তি পেতে প্রশাসনে দারস্ত হয়েছেন বলে দাবি বাসিন্দাদের।
এবিষয়ে সেলিনা বিবি বলেন, "নিকাশিনালা তৈরি হওয়ার পর থেকে বর্ষা না হলেও নোংরা জল রাস্তায় জমে থাকে। আমরা চাই দ্রুত এই সমস্যার সমাধান হোক।" অন্যদিকে স্থানীয় প্রশাসন কোনো পদক্ষেপ গ্রহণ না করায় সোমবার দুপুরে পথ অবরোধ করে বিক্ষোভ দেখায় এলাকাবাসী। ঘটনা প্রসঙ্গে তৃণমূল পরিচালিত নূতনগ্রাম গ্রাম পঞ্চায়েতের প্রধান সংগীতা রায় বলেন, "বিষয়টি জানা নেই, খোঁজ নিয়ে বলবো।" যদিও এই সমস্যার দ্রুত সমাধান করা হবে বলে স্থানীয় তৃণমূলের পঞ্চায়েত সদস্য সেরাজুল শেখ দাবি করেন।
অন্যদিকে জাতীয় কংগ্রেসের অঞ্চল সভাপতি সেরাজুল শেখ বলেন, "সাধারণ মানুষের নিত্য সমস্যা দূর করতে হয় নিষ্কাশন ব্যবস্থা ভালো করা হোক, আর না হয় মাটি ভরাট করে তার বন্ধ করা হোক। পদক্ষেপ না নিলে আমরা ডেপুটেশন সহ আইনি পথে চলবো।"
বিষয়টি খোঁজ নিয়ে দেখা হবে বলে মন্তব্য করেন বিডিও প্রসন্ন মুখার্জি।

# কাটমানি নেওয়ার অভিযোগ উঠল পঞ্চায়েত সদস্যের স্বামীর বিরুদ্ধে

তানজিমা পারভিন ● হরিশ্চন্দ্রপুর



**আপনজন:** বাংলার বাড়ি প্রকল্পের প্রথম কিস্তির টাকা অ্যাকাউন্টে ঢুকতেই মুখে হাসি ফুটেছিল দিনমজুর পরিবারের। স্বপ্ন ছিল পাকা বাড়ি হবে। মাথার উপরে ছাদ হবে। তবে সেই স্বপ্ন মাঝপথে থমকে গেল। অন্তরায় হয়ে দাঁড়াল কাটমানি। দিনমজুর পরিবারের থেকে প্রথম কিস্তির সাড়ে ১৫ হাজার টাকা কাটমানি নেওয়ার অভিযোগ উঠেছে পঞ্চায়েত সদস্যের স্বামীর বিরুদ্ধে। এই ঘটনা সামনে আসতেই শুরু হয়েছে রাজনৈতিক তরজা। যদিও অভিযুক্ত ওই পঞ্চায়েত সদস্যের স্বামী টাকা নেওয়ার অভিযোগ অস্বীকার করেছেন। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, হরিশ্চন্দ্রপুর ১ ব্লকের হরিশ্চন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের রাধানগর গ্রামের বাসিন্দা বিচ্ছু দাস। পেশায় দিনমজুর। বাংলার বাড়ি প্রকল্পের প্রথম কিস্তির ৬০ হাজার টাকা তার অ্যাকাউন্টে ঢুকেছিল। কিন্তু অভিযোগ,ওই বুথের বিজেপির পঞ্চায়েত সদস্য রিতা দাসের স্বামী সূর্য দাসের মোবাইলে তাদের টাকা ঢোকার ম্যাসেজ আসে। তারপর সূর্য দাস তাদের ব্যাঙ্কে নিয়ে গিয়ে টাকা তুলিয়ে সেখান থেকে ১৫ হাজার টাকা কাটমানি ও ৫০০ টাকা মিষ্টি খাওয়ার নাম করে হাতিয়ে নেন। না দিলে দ্বিতীয় কিস্তির টাকা ঢুকবে না বলে ভয় দেখান। বাধ্য হয়ে তারা তখন সেই টাকা দিয়ে দেন। অভিযুক্ত বিজেপি পঞ্চায়েত সদস্যের স্বামী সূর্য দাস বলেন,আমার নামে ভিত্তিহীন অভিযোগ তুলছেন। আমাকে মিথ্যা মামলায় ফাঁসানোর চেষ্টা করছেন। বিচ্ছু দাসের দুই ছেলে ও দুই মেয়ে। তিনি বয়সের ভারে নুয়ে পড়েছেন। কাজ করতে পারেন না। অভাবের সংসার। কাটমানি দেওয়ার পর অবশিষ্ট ৪৪,৫০০ টাকা নিয়ে কাজে নেমেছিলেন। এদিকে নির্মাণ সামগ্রীর দাম বেড়ে যাওয়ায় ঘরের কাজ বন্ধ করে দিয়েছেন। পরবর্তীতে এই ঘটনা মৌখিক ভাবে প্রশাসনকে জানিয়েছেন ওই পরিবার। উপভোক্তা বিচ্ছু দাসের ছেলে সাধন দাস বলেন, অ্যাকাউন্টে টাকা ঢুকতেই পঞ্চায়েত সদস্যের স্বামী সূর্য বাড়িতে হাজির হয়। এরপর বাবাকে সঙ্গে করে ব্যাঙ্কে নিয়ে যায়। আমিও সঙ্গে ছিলাম। বাবার কাছ থেকে সাড়ে ১৫ হাজার টাকা নিয়ে নেন। এখন টাকার অভাবে কাজ থমকে গিয়েছে। হরিশ্চন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের বিজেপির উপ প্রধান অজয় পাসওয়ান বলেন, এলাকা থেকে বিষয়টি জানতে পারি। টাকা নেওয়ার অভিযোগ কতটা সত্য জানি না। অভিযোগ সত্য হলে প্রশাসন ব্যবস্থা নিবে। তৃণমূল আইএনটিটিইউসি ব্লক সভাপতি সাহেব দাস বলেন, কয়েকদিন থেকে ওই বিজেপি পঞ্চায়েত সদস্য ও তার স্বামীর বিরুদ্ধে কাটমানি নেওয়ার অভিযোগ শুনে আসছি। কেউ ভয়ে মুখ খুলতে চাইনি। হতদরিদ্র মানুষকে ভয় দেখিয়ে এই ভাবে কাটমানি আদায় করছেন। প্রশাসনকে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি করছি। হরিশ্চন্দ্রপুর ১ ব্লকের বিডিও সৌমেন মন্ডল বলেন, লিখিত অভিযোগ হয়নি। তবে তদন্ত করে বিষয়টি দেখা হবে। অভিযোগ সত্য প্রমাণিত হলে ব্যবস্থা নেওয়া হবে। বিজেপির পঞ্চায়েত সদস্য রিতা দাস বলেন, আমার স্বামী কারও কাছ থেকে কোনও টাকা নেইনি। মিথ্যা অভিযোগ করছে।

# বর্ধমান আল-আমীন মিশনে রক্তদান শিবির



চন্দনা বন্দ্যোপাধ্যায় ● জয়নগর

**আপনজন:** বর্ধমান আল-আমীন মিশন শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখার পাশাপাশি সমাজসেবামূলক কাজেও উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। রবিবার বর্ধমান আল-আমীন মিশন ও সম্প্রীতি ট্রাস্টের যৌথ উদ্যোগে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এই রক্তদান শিবির উদ্বোধন করতে উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান জেলা পরিষদের জনস্বাস্থ্য ও পরিবেশ কর্মাধ্যক্ষ মাননীয় বিশ্বনাথ রায়, সমাজসেবী রাস বিহারী হালদার, দক্ষিণ দামোদর প্রেসক্লাবের সম্পাদক শফিকুল ইসলাম, মিশনের সম্পাদক, শিক্ষক-শিক্ষিকা এবং অন্যান্য বিশিষ্টরা। বর্ধমান আল-আমীন মিশনের সম্পাদক আসফার হোসেন বলেন, 'আমরা শুধুমাত্র শিক্ষার ক্ষেত্রেই সীমাবদ্ধ নই, বরং সমাজের অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রেও অবদান রাখতে চাই। আমাদের ছাত্ররা যেমন মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং প্রভৃতি ক্ষেত্রে সাফল্য অর্জন করছে, তেমনি সমাজসেবার মাধ্যমেও ইতিবাচক পরিবর্তন আনতে চেষ্টা করছে।' বিশ্বনাথ রায় মিশনের প্রশংসা করে বলেন, 'শিক্ষার পাশাপাশি আল-আমীন মিশন সমাজসেবায়ও ভালো কাজ করছে।' এ দিন সংগঠনের পক্ষ থেকে অতিথিদের সংবর্ধনা জানানো হয়। মিশনের শিক্ষক, ছাত্র-ছাত্রীদের অভিভাবক এবং স্থানীয় ব্যক্তি সহ প্রায় একশোর কাছাকাছি মানুষ স্বেচ্ছায় রক্ত দান করেন। মিশনের পক্ষ থেকে রক্তদাতা এবং রক্তগ্রহীতা কর্মীদের টিফিন এবং দুপুরে খাবারের আয়োজন করা হয়। ভবিষ্যতেও আল-আমীন মিশন ও সম্প্রীতি ট্রাস্ট এমন মানবিক উদ্যোগ চালিয়ে যাবে বলে আশাবাদী সকলে।

# দুঃস্থ কৃতি ছাত্র-ছাত্রীদের পাশে বিধায়ক



সুভাষ চন্দ্র দাশ ● ক্যানিং

**আপনজন:** সরস্বতী পুজোর দিন এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে মেধাবী ছাত্র-ছাত্রীদের কে আর্থিকভাবে পুরস্কৃত করলেন ক্যানিং পশ্চিমের বিধায়ক পরেশ রাম দাস। সোমবার ক্যানিংয়ের বিধায়ক কার্যালয়ে তিনি দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের হাতে আর্থিক সাহায্য তুলে দেন। মূলত বিধায়কের বেতন হিসেবে তিনি যে টাকা পেয়েছেন, সেই টাকা থেকেই এই আর্থিক সাহায্য করেছেন দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে।
উল্লেখ্য ক্যানিংয়ের ট্যাংয়াখালি আইটিআই কলেজের ছাত্রী পারভিন সুলতানা ও ছাত্র রেজাউল মোল্লা এবার সর্বভারতীয় আইটিআই পরীক্ষায় প্রথম ও দ্বিতীয় হয়েছেন। ছাত্রী পারভিন সুলতানার বাড়ি ক্যানিংয়ের তালদি এলাকায়। অন্যদিকে রেজাউল মোল্লার বাড়ি ক্যানিংয়ের কুমড়াখালীতে। দুজনই যথাক্রমে ৫৯৯ ও ৫৯৮ পেয়েছে।

# আগুনে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়াল জমিয়ত



রাকিবুল ইসলাম ● হরিহরপাড়া

**আপনজন:** হরিহরপাড়ায় আগুনে ক্ষতিগ্রস্ত অসহায় পরিবারের পাশে দাঁড়ালো জমিয়তে উলামা হিন্দের সদস্যরা ও প্রশাসন।
হরিহরপাড়ায় আগুনে ক্ষতিগ্রস্ত অসহায় পরিবারের পাশে দাঁড়ালেন জমিয়তে উলামা হিন্দের সদস্যরা ও প্রশাসন। সোমবার মুর্শিদাবাদ জেলা জমিয়তের সাধারণ সম্পাদক মুফতি মোঃ নাজমুল হক ও হরিহরপাড়া ব্লক জমিয়েত উলামা হিন্দের সাধারণ সম্পাদক মুফতি ইসরাইল আলী মন্ডল এর নির্দেশে আগুনে ক্ষতিগ্রস্ত পরিবারের বাড়িতে গিয়ে ত্রাণ সামগ্রী তুলে দেন সদস্যরা। নতুন জামা কাপড়, ব্ল্যাঙ্কেট,চাল ,ডাল, তেল,আলু সহ অন্যান্য সামগ্রী আগুনে ক্ষতিগ্রস্ত পরিবারের হাতে তুলে দেন জমিয়েত উলামা হিন্দের সদস্যরা। উল্লেখ্য রবিবার ভর সন্ধ্যায় সন্ধ্যায় মুর্শিদাবাদের হরিহরপাড়া থানার গোবরগাড়া বোলতলাপাড়া এলাকায় মুক্তার শেখের বাড়িতে বিদ্যুৎ না থাকাই মোমবাতি জ্বালিয়ে দোকানে গিয়েছিলেন পরিবারের সদস্যরা। ওই মোমবাতির আগুন থেকে ছড়িয়ে পড়ে বাড়িতে। আগুনে পুড়ে ভস্মীভূত হয়ে যায় বাড়ি। আগুনে ক্ষতিগ্রস্ত অসহায় পরিবারের মনোবল ও সাহস যোগোতে তাদের পাশে দাঁড়ালেন হরিহরপাড়া ব্লক জমিয়তে উলামা হিন্দ। আগুনে ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যা জানান ঘটনা ঘটার পর আমাদের ত্রাণ সামগ্রী দিয়ে সাহায্য করল জমিয়তে উলামা হিন্দ।
এদিন উপস্থিত ছিলেন ব্লক অফিস সেক্রেটারি তথা সম্পাদক হাফেজ মোঃ সাইমুদ্দিন মন্ডল ,সহ সম্পাদক হাফেজ নজরুল ইসলাম, কোর কমিটির সদস্য হাফেজ জাকির হোসেন , এবং হাফেজ মেহেফুজ আলম সহ অন্যান্য বিশিষ্ট জনেরা।
পাশাপাশি রবিবার রাতে ঘটনার খবর পেয়ে হরিহরপাড়ার বিধায়ক নিয়ামত শেখ ও জেলা পরিষদের সদস্য জিলার রহমান এর নির্দেশে ওই ক্ষতিগ্রস্ত পরিবারের বাড়িতে গিয়ে তাদের হাতে ত্রিপল ও শীতবস্ত্র তুলে দেওয়া হয়।
এছাড়াও সোমবার দুপুরে হরিহরপাড়া ব্লক প্রশাসনের পক্ষ থেকে ত্রাণ সামগ্রী তুলে দেওয়া হয়। উপস্তিত ছিলেস জয়েন্ট বিডিও অমোস তামাং,হরিহরপাড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান গৌতম কুমার দাস, ওই গ্রাম পঞ্চায়েতের সদস্য, বিশিষ্ট সমাজসেবী আমিনুল ইসলাম খান।

# শীত নেই, কুয়াশার দাপট, ধ্বসার আতঙ্কে বর্ধমানের আলু চাষিরা

মোল্লা মুয়াজ ইসলাম ● বর্ধমান



**আপনজন:** মাঘের মাঝামাঝি সময়েও শীত নেই। তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় বেশি থাকায় চিন্তায় পূর্ব বর্ধমানের আলু চাষিরা। শীত না থাকলেও কুয়াশার দাপট বেড়েছে, যা আলুচাষের জন্য ক্ষতিকর হতে পারে। কৃষকদের আশঙ্কা, এই আবহাওয়া আলুর জমিতে মড়ক রোগ, অর্থাৎ ধ্বসা ছড়িয়ে দিতে পারে।
জেলার খণ্ডঘোষ, জামালপুর, রায়না, আউশগ্রাম, কালনা ও গলসি অঞ্চলে আলুচাষ বেশি হয়। কৃষকদের দাবি, অসময়ের বৃষ্টির কারণে আলু রোপণ প্রায় এক মাস দেরিতে হয়েছে।
এখন শীতের অভাব এবং ঘন কুয়াশার ফলে জমিতে বারবার কীটনাশক প্রয়োগ করেও ধ্বসা ঠেকানো যাচ্ছে না।
চাষিদের মতে, আলু রোপণ দেরিতে হওয়ায় ফলন এমনিতেই কম হওয়ার সম্ভাবনা। তার উপর ধ্বসা ছড়িয়ে পড়লে ক্ষতি আরও বাড়বে। অতিরিক্ত কীটনাশক ব্যবহারের ফলে উৎপাদন খরচও লাগাতার বাড়ছে। জেলা কৃষি আধিকারিক নকুলচন্দ্র মাইতি অবশ্য জানিয়েছেন, এখনো বড় ধরনের রোগের আক্রমণ দেখা যায়নি। তবে কৃষি বিশেষজ্ঞরা সতর্ক করেছেন, ধ্বসা ঠেকাতে দ্রুত ব্যবস্থা না নিলে ক্ষতি মারাত্মক হতে পারে।
বিশেষজ্ঞদের মতে, কুয়াশার কারণে বাতাসে আর্দ্রতা বেড়েছে, যা ধ্বসা ছড়ানোর অনুকূল পরিবেশ তৈরি করছে। তাই নিয়মিত পর্যবেক্ষণ ও সঠিক বালাইনাশক প্রয়োগের পরামর্শ দেওয়া হচ্ছে। সম্প্রতি আলুর দাম বেড়ে যাওয়ায় রাজ্য সরকার রপ্তানি বন্ধ করেছে এবং বাজারে টাস্ক ফোর্স অভিযান চালিয়েছে। এতে দাম সাময়িকভাবে স্থিতিশীল হলেও, ফলন কম হলে ভবিষ্যতে আবারও দাম বাড়তে পারে।
আলুচাষিরা এখন প্রাকৃতিক প্রতিকূলতার বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছেন।

# অসহায় মহিলাকে বাড়ি দিল স্বেচ্ছাসেবী সংস্থা

সজিবুল ইসলাম ● ডোমকল



**আপনজন:** শুধু রক্তদান কর্মসূচি বা শীতবস্ত্র বিতরণ কর্মসূচি তেই থেকে নেই প্রত্যাশা ফাউন্ডেশন ও সেভ মেধা ফাউন্ডেশনের কর্মীরা তাদের উদ্যোগে এবার মুর্শিদাবাদ জেলার সাগর পাড়া থানার এলাকার মর্জিনা খাতুন নামের এক অসহায় মহিলা তার নিজস্ব কোনো বাড়ি বা ঘর ছিল না সেই কথা সেভ মেধা ফাউন্ডেশনের অন্যতম কর্মী হিরা খাতুন জানতে পারেন তার পর বিষয়টা নিয়ে প্রত্যাশা ফাউন্ডেশনের সদস্যদের সঙ্গে আলোচনা করেন তার পর ওই অসহায় মহিলার ঘর বানাতে যা খরচ হয় সম্পূর্ণ ব্যয় করে ঘর বানিয়ে দেওয়ার আশ্বাস দেন প্রত্যাশা ফাউন্ডেশন এর সদস্য রবিউল হক ও সেভ মেধা ফাউন্ডেশন এর কর্ণধার শুভঙ্কর সরকার।সেই মত গত কয়েক মাস ধরে ঘরে কাজ চলে এদিন আনুষ্ঠানিক ভাবে ওই মহিলা সহ সাগর পাড়া থানার ওসি মোহাম্মদ খুরশিদ আলম,১৪৬ নং বিএসএফ ব্যাটালিয়নের আধিকারিক দের পাশাপশি স্বেচ্ছাসেবী সংগঠনের সকল সদস্য দের উপস্থিতে ফিতে কেটে ঘর উপহার দেওয়া হয় অসহায় মর্জিনা খাতুনকে।
এই ঘর পেয়ে খুশি মর্জিনার পাশাপাশি এলাকার সাধারণ মানুষ ঘটনায় ফাউন্ডেশনের সকল সদস্যকে ধন্যবাদ জানান ।

ছড়িয়ে-ছিটিয়ে

# সরস্বতী পুজোর রাতে বাইক দুর্ঘটনায় মৃত্যু হল চারজনের




আলফাজুর রহমান ● তেহট্ট

**আপনজন:** সরস্বতী পুজোর রাতে বাইক দুর্ঘটনায় মৃত্যু হল চারজনের। ঘটনায় উত্তেজনা ছড়িয়েছে তেহট্ট এলাকায়। রবিবার রাতে ঘটনাটি ঘটেছে করিমপুর থানার কানাইখালি এলাকায়। মৃতদের নাম মনিশ বিশ্বাস (২০) , বাড়ি ছিটকা দাসপাড়া । তন্ময় বিশ্বাস (১৮) , সুমন মণ্ডল (১৯) এবং দ্বীপ মণ্ডল (২৩) , এদের বাড়ি ছিটকা পঞ্চয়েতের আস্তুল্লানগরে। একই পঞ্চায়েত এলাকায় চার যুবকের মৃত্যুতে শোকের ছায়া গোটা গ্রামে। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, রবিবার সন্ধ্যায় তারা একটি বাইকে চারজন মিলে করিমপুরে সরস্বতী পুজো দেখতে গিয়েছিল। বাড়ি ফেরার পথে কৃষ্ণনগর করিমপুর রাজ্য সড়কের কানাইখালিতে রাস্তার ধারে থাকা গাছে তাদের বাইক দ্রুত গতিতে ধাক্কা মারে। এরপর স্থানীয়রা পুলিশকে খবর দেয়। করিমপুর থানার পুলিশ চারজনকে উদ্ধার করে তেহট্ট থানার নাজিরপুর গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যায়। সেখানে থেকে নিয়ে যাওয়া হয় তেহট্ট মহকুমা হাসপাতালে।এই হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তন্ময় বিশ্বাস ও সুমন মন্ডলকে মৃত বলে ঘোষণা করে। তবে দ্বীপ মণ্ডল ও মনীষ বিশ্বাসের অবস্থার অবনতি হলে তাদের রেফার করা হয় শক্তিনগর জেলা হাসপাতালে। সেখানে ঐ দুই যুবকেরও মৃত্যু হয়। পরিবার সূত্রে জানা গিয়েছে, চারজনই কলেজ পড়ুয়া। করিমপুরে সরস্বতী পুজো দেখতে চারজন গিয়েছিল। ফেরার সময় এই দূর্ঘটনা। সিসিটিভি ক্যামেরায় দেখা যায়, ঐ চারজন এক বাইকে ছিল আর বাইকের গতি ছিল বেশি। এই ঘটনার পর সামাজিক মাধ্যমে লেখালেখি শুরু হয়েছে। একাংশ মানুষের অভিযোগ, পুজোর দিনগুলি সহ বিশেষ করে সরস্বতী পুজোর সময় সকাল বিকেল তরুণ যুবকদের বাইকের গতি থাকে প্রচুর। যে কারণে স্বাভাবিক ভাবেই সমস্যায় পড়েন পথচলতি মানুষেরা।

# বর্ধমানে মৎস্য উৎসবে শামিল বাংলা পক্ষ




নিজস্ব প্রতিবেদক ● বর্ধমান

**আপনজন:** হুমকি দিল কলকাতার বড়বাজার, ৪০০০ বাঙালির সমবেত গর্জনে উত্তর দিল পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের রবীন্দ্র ভবন। বাংলার মাটিতে খোলা মাছ মুরগি বিক্রি করা যাবে না, কারণ তাতে গন্ধ লাগে এবং গা গুলোয়, বিজেপির মারওয়ারি কাউন্সিলর মিনা দেবী পুরোহিত এই ঘোষণা করেছিল। আজ সরস্বতী পূজোর প্রারম্ভিক দিনে, আলো ওয়েলফেয়ার সোসাইটির অসাঐ উদ্যোগে মাছের চৌদ্দটি পদ সহ একটি মৎস্য উৎসব হল - "মাছে ভাতে বাঙালি"। উৎসব প্রাঙ্গণে ছিল বাংলা পক্ষর স্টল। বাংলা পক্ষ নেতৃত্ব মাছ রান্নার সম্পূর্ণ ব্যবস্থা পরিদর্শন করে এবং দুর্গাপুরের হাজার হাজার বাঙালিকে বহিরাগতদের এই মৎস্যাবিদ্বেষের আড়ালে বাঙালি বিদ্বেষের করা জবাব দিতে আহ্বান করে।
আজ দুর্গাপুর রবীন্দ্র ভবনে আলো ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে বাংলা পক্ষর সহযোগীতায় আজ চতুর্থ দিনে 'মাছে ভাতে বাঙালি' অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলা পক্ষর সাধারণ সম্পাদক ডঃ গর্গ চট্টোপাধ্যায়, শীর্ষ পরিষদ সদস্য সম্রাট কর, জেলা সম্পাদক অক্ষয় বন্দ্যোপাধ্যায় সহ জেলা নেতৃত্ব ও বিধানসভা সম্পাদক সহ স্থানীয়রা।

# মাধ্যমিক ২০২৫ : শেষ মুহূর্তের প্রস্তুতি

*একদিন-একদিন করে কমে আসছে! আর উত্তেজনার পারদ বাড়ছে। ১০ ফেব্রুয়ারি শুরু হবে এবারের মাধ্যমিক। চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি। সব কিছু মিলিয়ে নেওয়ার পালা। বাংলার রচনা, ইংরেজির আনসিন, ইতিহাসের বড়ো প্রশ্ন, ভূগোলের ম্যাপ-পয়েন্টিং, জীবন বিজ্ঞানের আঁকা, অংকের সম্পাদ্য-উপপাদ্য-এক্সট্রা, ভৌত বিজ্ঞানের সমীকরণ-সব একদম ঠিক-ঠাক আছে কিনা, তা মিলিয়ে নেওয়ার এটাই তো মাহেন্দ্রক্ষণ।*
*বছরভর আপনজনের স্টাডি-পয়েন্টে ছোটো-বড়ো বিভিন্ন ধরনের সব বিষয়ের প্রশ্নপত্র নিয়ে আলোচনা প্রকাশ হয়েছে। এবার তাই প্রস্তুতির একেবারে শেষ পর্বে ৭ দিনে থাকবে সাতটি বিষয়ের সম্পূর্ণ প্রশ্নপত্র। তোমাদের প্রস্তুতির সঙ্গে মিলিয়ে দেখে নিতে ক্ষতি কী! কাজে লেগে যেতেই পারে! আশা করি, কাজে লাগবে। সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন।।*

সৌজন্যে: ধী-লার্ন অ্যাকাডেমী

## মক টেস্ট

### ভৌত বিজ্ঞান
### PHYSICAL SCIENCE
**Time- Three Hours Fifteen Minutes**
*(First FIFTEEN minutes for reading question paper only)*
**Full Marks - 90**
*Special credit will be given for answers which are brief and to the point.*
*Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.*
(নতুন পাঠ্যসূচি)
(কেবলমাত্র দশম শ্রেণির পাঠ্যসূচি অনুযায়ী)

### বিভাগ-‘ক’

**1. বহুবিকল্পভিত্তিক প্রশ্ন। প্রতিটি প্রশ্নের নীচে উত্তর হিসাবে চারটি করে বিকল্প দেওয়া আছে। যেটি ঠিক সেটি লেখো :** 1×15=15

1.1 উচ্চতা বাড়ার সাথে সাথে উষ্ণতা বৃদ্ধি পায় কোন স্তরে –
A) স্ট্রাটোস্ফিয়ার B) মেসোস্ফিয়ার
C) থার্মোস্ফিয়ার D) ট্রপোস্ফিয়ার

1.2. একটি গ্যাসের আদর্শ আচরণ থেকে বিচ্যুতির প্রধান কারণ –
a) আন্তরাণবিক আকর্ষণ এবং নগণ্য আয়তন
b) স্থিতিস্থাপক সংঘর্ষ এবং অসীম আয়তন
c) আন্তরাণবিক আকর্ষণ এবং সসীম আয়তন
d) শুধু স্থিতিস্থাপক আয়তন

1.3 16 গ্রাম $O_2$ গ্যাসের অবস্থার সমীকরণটি হল–
a) PV=RT b) 2PV=RT
c) PV=2RT d) PV=4RT .

1.4 তিনটি তামা দণ্ড দিয়ে একটি সমবাহু ত্রিভুজ তৈরি করা হয়েছে। ত্রিভুজটিকে যথেষ্ট উত্তপ্ত করলে এর কোণগুলির মান –
a) বৃদ্ধি পাবে b) হ্রাস পাবে
c) অপরিবর্তিত থাকবে d) তথ্য অসম্পূর্ণ

1.5 একটি লাল ও একটি বেগুনি বর্ণের আলোকরশ্মি বায়ু মাধ্যম থেকে একই কোণে একটি প্রিজমের আনততলে আপতিত হয়ে যথাক্রমে r ও v প্রতিসরন কোণ উৎপন্ন করলে নীচের কোনটি সঠিক ?
a) r = v b) r = 1/v
c) r > v d) r < v

1.6 একটি রশ্মি বায়ু থেকে কাচের ফলকে প্রবেশ করলে এর –
a) তরঙ্গদৈর্ঘ্য কমে যায় b) তরঙ্গদৈর্ঘ্য বেড়ে যায়
c) কম্পাঙ্ক বেড়ে যায় d) তরঙগদৈর্ঘ্য এবং কম্পাঙ্ক উভয়ই কমে যায়

1.7 দুটি রোধ সমান্তরাল সমবায়ে যুক্ত । রোধ দুটি 100 Ωও 200 Ω ।এদের ক্ষমতার অনুপাত হবে-
a) 1:2 b) 2:1
c) 1:4 d) 4:1

1.8 $R_1<R_2<R_3$রোধের সমান্তরাল সমবায়ের তুল্য রোধ R হলে –
a) $R_1< R< R_2< R_3$ b) $R_2< R_3< R< R_1$
c) $R_1<R_2<R_3<R$ d) $R <R_1<R_2<R_3$

1.9 একটি α -কণার আধান হলো-
a) $1.6 \times 10^{-19}$ C b) $3.2 \times 10^{-19}$ C
c) $4.8 \times 10^{-19}$ C d) $6.4 \times 10^{-19}$ C

1.10 নীচের কোনটির পারমাণবিক ব্যাসার্ধ সর্বাধিক
a) K b) H
c) Li d) Na

1.11 MgO অণু গঠনের সময় Mg পরমাণু কয়টি ইলেকট্রন ত্যাগ করে?
a) 1 টি b) 2 টি
c) 3 টি d) 4 টি

1.12 অম্লায়িত জলের তড়িদবিশ্লেষনের সময় ক্যাথোডে ও অ্যানোডে উৎপন্ন গ্যাসের আয়তন অনুপাত-
a) 1:2 b) 2:1
c)1:1 d) 2:3

1.13 লাইকার অ্যামোনিয়া দ্রবণে অ্যামোনিয়ার পরিমাণ—
a) 25% b) 30%
c) 35% d) 45%

1.14 সোডিয়াম ধাতু নিষ্কাশনে ব্যবহৃত হয়-
a) কার্বন বিজারণ পদ্ধতি b) তড়িৎ বিজারণ পদ্ধতি
c) থার্মিট পদ্ধতি d) স্বতঃ বিজারণ পদ্ধতি

1.15 প্লাস্টিকের মনোমার হল–
a) ইথিলিন b) প্রোপিলিন
c) ভিনাইল ক্লোরাইড d) টেট্রাক্লোরো ইথিলিন

### বিভাগ- ‘খ’

**2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়):** 1×21=21

2.1কোন জীবাশ্ম জ্বালানির তাপন মূল্য সবচেয়ে বেশি?
2.2 মিথেন হাইড্রেট এর সংকেত লেখো।
**অথবা,** বায়োফুয়েল কি ?
2.3 সর্বজনীন গ্যাস ধ্রুবকের SI একক কী?
2.4 সেলসিয়াস স্কেলে দুটি পদার্থের উষ্ণতার পার্থক্য $10^oC$ হলে কেলভিন স্কেলে পদার্থ দুটির উষ্ণতার পার্থক্য কি হবে?
2.5 তাপ পরিবাহিতার CGS একক________ ।
**অথবা,** *<u>সত্য/মিথ্যা লেখ</u>* : কোনো তরলের প্রকৃত প্রসারণ তরলটি যে পাত্রে রাখা হয় তার প্রসারণের ওপর নির্ভর করে।
2.6 দীর্ঘদৃষ্টিসম্পন্ন ব্যক্তি কী ধরনের চশমা ব্যবহার করেন?
2.7 কোন বর্ণের ক্ষেত্রে নির্দিষ্ট মাধ্যমের প্রতিসরাংক সর্বাধিক?
2.8 *<u>সত্য/মিথ্যা লেখো:</u>* থ্রি-পিন প্ল্যাগে বড় পিনটি যুক্ত থাকে লাইভ তারের সাথে।
2.9 ফ্লেমিং এর বাম হস্ত নিয়মে চৌম্বকক্ষেত্র ও তড়িৎক্ষেত্রের মধ্যবর্তী কোণ কত?
2.10 ভর বিচ্যুতি বা ভর ত্রুটি কাকে বলে?
**অথবা,** পৃথিবীর বয়স নির্ণয়ে কোন আইসোটোপ ব্যবহৃত হয়?
2.11 *<u>বামস্তম্ভের সঙ্গে ডানস্তম্ভের সামঞ্জস্য বিধান করো –</u>*

| বামস্তম্ভ | ডানস্তম্ভ |
|---|---|
| 2.11.1 তেজস্ক্রিয় নিষ্ক্রিয় মৌল | অ্যালুমিনিয়াম |
| 2.11.2 সবচেয়ে হালকা নিষ্ক্রিয় গ্যাস | রেডন |
| 2.11.3 ডুরালুমিনের প্রধান উপাদান | জিংক |
| 2.11.4 ক্যালামাইন যে ধাতুর আকরিক | হিলিয়াম |

2.12 ক্লোরাইড আয়নের ($Cl^-$ ) ইলেকট্রন বিন্যাস কোন মৌলের পরমানুর ইলেকট্রন বিন্যাসের মতো?
2.13 অ্যালুমিনার তড়িদবিশ্লেষনে অ্যানোড হিসেবে কিব্যবহৃত হয়?
**অথবা,** কপার তড়িদ্বার ব্যবহার করে কপার সালফেটের জলীয় দ্রবনের তড়িদবিশ্লেষণে কোন আয়ন ক্যাথোডের দিকে ধাবিত হয়?
2.14 *<u>সত্য / মিথ্যা লেখো :</u>* তড়িৎলেপনের সময় অ্যানোড ক্ষয়প্রাপ্ত হয়।
2.15 অ্যালুমিনিয়াম ক্লোরাইডের জলীয় দ্রবনে অ্যামোনিয়ার জলীয় দ্রবন যোগ করলে যে অধঃক্ষেপ পড়ে তার সংকেত লেখো।
**অথবা,** আম্লিক পটাশিয়াম ডাইক্রোমেটের জলীয় দ্রবনে $H_2S$ গ্যাস চালনা করলে বর্ণের কী পরিবর্তন হবে ?
2.16 ওলিয়াম কী ?
2.17 $CH_3CH_2CHO$ এর IUPAC নাম লেখো।
**অথবা,** পলি (টেট্রাফ্লুরোইথিলিন) এর একটি ব্যবহার লেখো।
2.18 একটি বায়োডিগ্রেডবল প্রাকৃতিক পলিমারের উদাহরণ দাও।

### বিভাগ- ‘গ’

**3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়):** 2×9=18

3.1 ওজন স্তর ধ্বংসে CFC এর ভূমিকা আলোচনা করো। 2
3.2 $27^o$ C উষ্ণতায় 76 cm Hg চাপে নির্দিষ্ট পরিমান গ্যাসের আয়তন 900 cc । কোন উষ্ণতায় 57 cmHg চাপে ওই গ্যাসের আয়তন 400 cc হবে ? 2

**অথবা,** সমভরের দুটি গ্যাস STP তে যথাক্রমে 4480 mL এবং 5600 mL আয়তন অধিকার করে। গ্যাসদুটির মোলার ভরের অনুপাত নির্ণয় করো। 2

3.3 সূর্যের আলোয় গাছের পাতা সবুজ দেখায় কেন? 2

**অথবা,** একটি প্রিজমের প্রধান ছেদ একটি সমবাহু ত্রিভুজ। ঐ প্রিজমের একটি প্রতিসারক তলে $30^o$ কোণে আনত একটি রশ্মি যদি অন্য প্রতিসারক তলে $45^o$ কোণে নির্গত হয় তাহলে চ্যুতি কোণ কত হবে ? 2

3.4 220V-100W বাতির রোধ ও প্রবাহমাত্রা নির্ণয় করো। 2

3.5 C এর সর্ববহিস্থ কক্ষে 4 টি ইলেকট্রন এবং O এর সর্ববহিস্থ কক্ষে 6 টি ইলেকট্রন আছে। $CO_2$ অণুর লুইস ডট ডায়াগ্রাম অঙ্কন করো। 2

**অথবা,** ম্যাগনেসিয়াম ক্লোরাইডে তড়িৎযোজী বন্ধন কিভাবে গঠিত হয় তা দেখাও। (Mg = 12, Cl = 17) 2

3.6 ন্যাপথলিন ও সোডিয়াম ক্লোরাইডের নীচের দুটি ধর্মের তুলনা করো : গলনাঙ্ক ও জলে দ্রাব্যতা। 2

3.7 স্পর্শ পদ্ধতিতে সালফিউরিক অ্যাসিড প্রস্তুতির সময় $SO_2$ কে কিভাবে $SO_3$ তে রূপান্তরিত করবে তা সমিত সমীকরণ সহ লেখো। 2

3.8 জারণ-বিজারণের ইলেকট্রনীয় তত্ত্ব অনুসারে দেখাও যে, নীচের বিক্রিয়াটিতে জারণ-বিজারণ একই সঙ্গে ঘটে। 2

$Cu^{2+} + Zn \rightarrow Zn^{2+} + Cu$

**অথবা,** অ্যালুমিনিয়াম পাতে আচার বা চাটনি খাওয়া উচিত নয় কেন?

3.9 *কীভাবে পরিবর্তিত করবে :* $CH_3CH_2OH$ থেকে $CH_2=CH_2$ 2

**অথবা,** কীভাবে পরিবর্তিত করবে : $CH \equiv CH$ থেকে $CH_3 - CH_3$ 2

### বিভাগ-'ঘ'

**4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): 3×12=36**

4.1 কোন স্কেলে তাপমাত্রার মান ঋণাত্মক হওয়া সম্ভব নয়? বেলুনে ফুঁ দিলে বেলুনের আয়তন বাড়ে এবং চাপও বাড়ে। এখানে বয়েলের সূত্র লঙ্ঘিত হচ্ছে কী? 1+2

4.2 10g $CaCO_3$ এর HCl এর বিক্রিয়ায় কত গ্রাম $CO_2$ উৎপন্ন হবে এবং উৎপন্ন $CO_2$ -এর আয়তন STP তে কত হবে ? (Ca=40) 3

**অথবা,** কত গ্রাম $KClO_3$ কে উত্তপ্ত করলে উৎপন্ন অক্সিজেন 6 গ্রাম হাইড্রোজেনকে সম্পূর্ণভাবে জারিত করে জলে পরিণত করবে ? [K=39, Cl=35.5, O=16] 3

4.3 কঠিনের ক্ষেত্র প্রসারণ গুনাঙ্কের সংজ্ঞা দাও। লোহার ক্ষেত্র প্রসারণ গুনাঙ্ক $24 \times 10^{-6}$ / $^oC$ হলে লোহার আয়তন প্রসারণ গুনাঙ্কের মান কত? 2+1

**অথবা,** তাপ প্রবাহমাত্রা ও তড়িৎ প্রবাহমাত্রার গাণিতিক রূপটি তুলনা করে তাপীয় রোধের রাশিমালাটি নির্ণয় করো। 3

4.4 কাচের পরম প্রতিসরাঙ্ক 3/2 ও জলের প্রতিসরাঙ্ক 4/3। কাচ ও জলের মধ্যে কোন মাধ্যমে আলোর গতিবেগ বেশি? জলের সাপেক্ষে কাঁচের আপেক্ষিক প্রতিসরাঙ্ক কত তানির্ণয় করো। 1+2

**অথবা,** বায়ু সাপেক্ষে কোনো মাধ্যমের প্রতিসরাঙ্ক $\sqrt{2}$। বায়ুতে আলোকরশ্মির আপতন কোণ $45^o$ হলে প্রতিসরণের ক্ষেত্রে ঐ রশ্মির চ্যুতি কোণ কত হবে তা নির্ণয় করো।

4.5 দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্য-এরসীমা কত? স্নেলের সূত্রের সাহায্যে আলোর বিচ্ছুরণের ব্যাখ্যা দাও। 1+2

4.6 একটি বাড়িতে দুটি 100 ওয়াট বাতি এবং দুটি 50 ওয়াটের পাখা আছে। বাতি ও পাখা গুলি দৈনিক 6 ঘণ্টা করে চলে। প্রতি ইউনিটের দাম 8 টাকা হলে, এক মাসে (30 দিন) কত খরচ হবে? 3

**অথবা,** তামার রোধাঙ্ক $1.78 \times 10^{-6}\Omega$-cm বলতে কী বোঝো?1m দৈর্ঘ্য এবং $10^{-4}cm^2$প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল যুক্ত একটি তামার তারের রোধ কত? 1+2

4.7 তড়িৎ চুম্বকীয় আবেশ সংক্রান্ত ফ্যারাডের সূত্র গুলি লেখ। dc অপেক্ষা ac - এর একটি সুবিধা লেখো। 2+1

4.8 একটি তেজস্ক্রিয় পরমানুর কেন্দ্রকে 90 টি প্রোটন ও 150 টি নিউট্রন আছে। ওই পরমানু থেকে একটি আলফা ও 2 টি বিটাকণা নির্গত হলে দুহিতা নিউক্লিয়াসের ভর সংখ্যা ও পারমাণবিক সংখ্যা কত হবে ?তেজস্ক্রিয়তার SI একক কী? 2+1

4.9 তড়িৎ ঋনাত্মকতা বলতে কী বোঝো ? I, Br, Cl, F ক্রমহ্রাসমান তড়িৎ ঋণাত্মকতা অনুসারে সাজাও। 2+1

**অথবা,** পর্যায় সারণীতে হাইড্রোজেনের অবস্থান বিতর্কিত' – কেন ? ক্ষারীয় মৃত্তিকা ধাতুগুলি কোন্ গ্রুপে অবস্থান করে? 2+1


4.10 তড়িদ বিশ্লেষণের সময় কোন ইলেক্ট্রোডকে ক্যাথোড বলা হয়? ধাতব পরিবাহী এবং তড়িৎ বিশ্লেষ্য পদার্থের মধ্যে দিয়ে তড়িৎ পরিবহনের দুটি পার্থক্য লেখো। 1+2

4.11 হেবার পদ্ধতিতে অ্যামোনিয়ার শিল্পোৎপাদনের শর্তাবলি ও বিক্রিয়ার শমিত সমীকরণ লেখো। 3

4.12 গাঢ় সালফিউরিক অ্যাসিডের উপস্থিতিতে ইথানল ও ইথানোয়িক অ্যাসিডকে একত্রে মিশিয়ে উত্তপ্ত করলে কী ঘটে, সমীকরণ সহ লেখো। 3

**অথবা,** জৈব ও অজৈব যৌগের তিনটি পার্থক্য লেখো। মিথেন অনুতে H-C-H বন্ধন কোনের মান কত ? 2+1

কলকাতা বইমেলায় প্রকাশিত হচ্ছে
খাজিম আহমেদ-এর
অনন্য গ্রন্থ






উদ্বোধন: ৪ ফেব্রুয়ারি, ২০২৫, বিকাল ৩টায়

আপনজন পাবলিকেশন

আপনজন
বাংলা দৈনিক সংবাদপত্র
Daily APONZONE
ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর
www.aponzonepatrika.com

কলকাতা বইমেলায় স্টল নং: ৪০০
৭ ও ৮ নম্বর গেটের কাছে

পাঠ করুন
বিশিষ্ট প্রাবন্ধিক ও লেখক
এস এম শামসুদ্দিন-এর উপন্যাস
'আলিমার খুলা তালাক'।
দরিদ্র পরিবারের এক সাহসী নারীর জীবন সংগ্রাম ও উত্তরণ নিয়ে বাংলার মুসলমান সমাজের চালচিত্রের প্রেক্ষাপটে এক বাস্তবধর্মী উপন্যাস।


এস এম শামসুদ্দিন

সংগ্রহ করুন
INTERNATIONAL KOLKATA BOOK FAIR
৪৮তম আন্তর্জাতিক
কলকাতা বইমেলা ২০২৫
আপনজন পাবলিকেশন -এর
স্টল নং ৪০০



মূল্য : ১৫০্ টাকা

প্রাপ্তিস্থান
প্রকাশক
আবাবিল বুকস্
জী জে খান রোড, কলকাতা - ৭০০০৩৯
নিউ লেখা প্রকাশনী
বর্ণপরিচয় মার্কেট-এর বিপরীত দিকে, ৩নং গেট কলেজ রো, কলেজ স্ট্রিট, কলকাতা ৭০০০১২
মল্লিক ব্রাদার্স
৫৫ মহাত্মা গান্ধী রোড, কলেজ স্ট্রিট, কলকাতা ৭০০০৭৩

সকলকে স্বাগত

# বিধ্বস্ত গার্দিওলার সিটি, আর্সেনালের ৫-১ গোলে জয়



**আপনজন ডেস্ক:** আর্সেনাল ৫-১ ম্যান সিটি
পেপ গার্দিওলার ম্যানচেস্টার সিটিকে বিধ্বস্ত করে শিরোপা স্বপ্ন বাঁচিয়ে রাখল আর্সেনাল। এমিরেটসে আজ প্রিমিয়ার লিগের ম্যাচে টানা চারবারের চ্যাম্পিয়ন সিটিকে ৫-১ গোলে হারিয়েছে মিকেল আরতেতার দল।
শনিবার শিরোপা দৌড়ে আর্সেনালের মূল প্রতিদ্বন্দ্বী লিভারপুল বোর্নমাউথকে ২-০ গোলে হারিয়ে এগিয়ে যায় ৯ পয়েন্টে। দৌড়ে টিকে থাকতে তাই রোববার সিটিকে হারানো ছাড়া কোনো উপায় ছিল না লিভারপুলের চেয়ে একটি ম্যাচ বেশি খেলা আর্সেনালের। সিটিকে তোপ দেগে উড়িয়ে দিয়েই সেই কাজটা করল গানাররা।
ম্যাচের বয়স ২ মিনিট না হতেই মার্টিন ওডেগার্ডের গোলে এগিয়ে যায় আর্সেনাল। ৫৫ মিনিটে আর্লিং হলান্ডের গোলে সমতা ফিরিয়েছিল সিটি। তবে এ মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে নরওয়েজীয় তারকার ২৫তম গোলের উদ্‌যাপনের রেশ থাকতে থাকতেই টমাস পার্টির গোলে ২-১ গোলে এগিয়ে যায় আর্সেনাল। এরপর মাইলস লুইস-স্কেলি (৬২ মিনিট), কাই হাভার্টজ (৭৬) ও এথান নোয়ানেরির (৯০+৩) গোল ব্যবধানটাকে ৪ বানিয়ে দেয়। গ্যাব্রিয়েল মার্তিনেল্লি দুটি সহজ সুযোগ নষ্ট না করলে ব্যবধানটা আরও বড় হতেই পারত।
আর্সেনালের বিপক্ষে লিগে টানা চার ম্যাচে জয়হীন সিটি ছয় ম্যাচ পরে হারল প্রিমিয়ার লিগে। ২৪ ম্যাচে সিটির পয়েন্ট ৪১, চতুর্থ স্থানে দলটি। সমান ম্যাচে দুইয়ে থাকা আর্সেনালের পয়েন্ট ৫০। এক ম্যাচ কম খেলে লিভারপুল ৫৬ পয়েন্ট নিয়ে আছে সবার ওপরে। ২৪ ম্যাচে ৪৭ পয়েন্ট নিয়ে আর্সেনাল ও সিটির মাঝে আছে নটিংহাম ফরেস্ট।

# প্রথমবার অস্ট্রেলিয়ার বর্ষসেরা ক্রিকেটার হেড-সাদারল্যান্ড



**আপনজন ডেস্ক:** ভোটের পরিসংখ্যানই যেন বুঝিয়ে দিচ্ছে বছরজুড়ে কতটা দুর্দান্ত ছিলেন ট্রাভিস হেড। ২০২৪ সালে ব্যাট হাতে অবিশ্বাস্য পারফরম্যান্সের পুরস্কার পেয়েছেন আজ।
অস্ট্রেলিয়ার বর্ষসেরা ক্রিকেটার নির্বাচিত হয়েছেন বাঁহাতি ব্যাটার। প্রথমবারের মতো বর্ষসেরা পুরস্কার অ্যালান বোর্ডার জিতেছেন হেড। মর্যাদাপূর্ণ পুরস্কারটি জিতেছেন ২০৮ ভোটে। তার নিকটতম দুই প্রতিদ্বন্দ্বী হচ্ছেন জশ হ্যাজলউড (১৫৮) ও প্যাট কামিন্স (১৪৭)। শ্রীলঙ্কার বিপক্ষে টেস্ট সিরিজের দলে থাকায় অ্যাওয়ার্ডস অনুষ্ঠানে থাকতে পারেননি ৩১ বছর বয়সী ব্যাটার।
গেল তিন সংস্করণে দুর্দান্ত ছন্দে ছিলেন হেড। বিশেষ করে টেস্টে অনবদ্য ছিলেন বাঁহাতি ব্যাটার। মোট ১৪২৭ রানের মধ্যে টেস্টে করেছেন ৬০৮ রান। ৯ টেস্টে ৪০.৫৩ গড়ে রান করেছেন তিনি। তিন সেঞ্চুরির টানা দুটি হাঁকিয়েছেন ভারতের বিপক্ষে বোর্ডার-গাভাস্কার সিরিজে। অন্যদিকে ওয়ানডের ২৫২ রানের বিপরীতে টি-টোয়েন্টিতে রান করেছেন ৫৩৯।
মেয়েদের বর্ষসেরা হয়েছেন অ্যানাবেল সাদারল্যান্ড। ১৬৮ ভোটে বেলিন্ডা ক্লার্ক পুরস্কার জিতেছেন তিনি। ১৪৩ ভোট পান তার নিকটতম প্রতিদ্বন্দ্বী গতবারের বর্ষসেরা অ্যাশলে গার্ডনার। গত বছর একমাত্র টেস্টে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে খেলেন ২১০ রানের ইনিংস।
সব মিলিয়ে গত বছর ৭৯৮ রান করেন। সঙ্গে বল হাতে নেন ৩৪ উইকেট।

# মাতেতার জোড়া গোলে ঘরের মাঠে নিস্তব্ধ ইউনাইটেড



**আপনজন ডেস্ক:** ঘরের মাঠে আরেকবার ব্যর্থ ম্যানচেস্টার ইউনাইটেড। ইংলিশ প্রিমিয়ার লীগে জায়ান্টদের ২-০ গোলে হারায় ক্রিস্টাল প্যালেস। ফরাসি ফরোয়ার্ড ফিলিপ মাতেতা দু'টি গোলই করেন ম্যাচের দ্বিতীয়ার্ধে।
রোববার ওল্ড ট্রাফোর্ডে আরেকবার বিবর্ন রেড ডেভিলরা। এর আগে ব্রাইটনের বিপক্ষে ঘরের মাঠে ৩-১ গোলে হারে স্বাগতিকরা। এবার নিজেদের আঙিনায় ফের ব্যর্থতা দেখলো রুবেন আমোরিমের শিষ্যরা। এদিন গোল অভিমুখে ১৭টি মধ্যে মাত্র ২টি শট লক্ষ্যে রাখতে পারে ইউনাইটেড। প্যালেসের ১১টি শটের মধ্যে ৩টি থাকে লক্ষ্যে, যার মধ্যে দু'বারই জাল খুঁজে নেয় ক্লাবটি। প্রথমার্ধে বেশ কয়েকটি গোলের সুযোগ তৈরি করে সফরকারীরা। তবে কাঙ্ক্ষিত গোলের দেখা না পাওয়ায় গোলশূন্য বিরতিতে যায় দু'দল। মাঠে ফিরে ৬৪ মিনিটে মাতেতার গোলে এগিয়ে যায় প্যালেস। সতীর্থের হেড গোলকিপার আন্দ্রে ওনানার মাথার ওপর দিয়ে গোলপোস্টে লেগে ফিরে আসে। সহজেই ট্যাপইনে জালে বল জড়ান ফরাসি ফরোয়ার্ড। কিছুক্ষণ পর ফাউলের শিকার হয়ে চোট পেয়ে স্ট্রেচারে শুয়ে মাঠ ছাড়েন আর্জেন্টাইন ডিফেন্ডার লিসান্দ্রো মার্টিনেজ।
ম্যাচের ৮৯ মিনিটে দলের এবং নিজের দ্বিতীয় গোলটি করেন মাতেতা। এ নিয়ে চলতি মৌসুমে প্রিমিয়ার লীগে ওল্ড ট্রাফোর্ডে সাতবার হারলো স্বাগতিকরা। ২৪ ম্যাচে ৮ জয়, ৫ ড্র ও ১১ হারে ২৯ পয়েন্ট নিয়ে তালিকার ১৩ নম্বরে রয়েছে আমোরিমের শিষ্যরা। সমপরিমাণ ম্যাচে ১ পয়েন্ট বেশি নিয়ে রেড ডেভিলদের ওপরেই আছে ক্রিস্টাল প্যালেস।

# পাকিস্তানের বিপক্ষে ম্যাচকে গুরুত্বপূর্ণ মানতে নারাজ গম্ভীর



**আপনজন ডেস্ক:** চ্যাম্পিয়ন্স ট্রফি মাঠে গড়ানোর আগেই দেখা গেছে পাক-ভারত উত্তেজনা।
আলোচনার টেবিলে তুমুল লড়াই দেখেছেন ক্রিকেটপ্রেমীরা। ভারতের কারণেই এককভাবে চ্যাম্পিয়ন্স ট্রফি আয়োজন করতে পারেনি পাকিস্তান। অন্যদিকে রোহিতরা পাকিস্তানে না যাওয়ায় আগামী ২০২৭ সাল পর্যন্ত ভারতে হতে যাওয়া কোনো ক্রিকেট আসরেই অংশ নেবে না পাকিস্তান। দুই দলের এমন মনোভাব ক্রিকেটপ্রেমীদের মধ্যে উত্তেজনা বাড়াচ্ছে। সমর্থকরা এখন অপেক্ষায় আছেন ২৩ ফেব্রুয়ারি সংযুক্ত আরব আমিরাতে পাক-ভারত ম্যাচ দেখার। আগামী ১৯ ফেব্রুয়ারি শুরু হতে যাওয়া চ্যাম্পিয়ন্স ট্রফির অন্যতম হাই-ভোল্টেজ ম্যাচও এটিই। যা দেখার অপেক্ষায় এখন গোটা বিশ্বের ক্রিকেটপ্রেমীরা। সমর্থকদের কাছে যেখানে ম্যাচটি বাড়তি গুরুত্ব পাচ্ছে; সেখানে ভারতীয় কোচ গৌতম গম্ভীর জানালেন, তার কাছে পাকিস্তানের বিপক্ষে ম্যাচটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ নয়।
আসন্ন চ্যাম্পিয়ন্স ট্রফিতে পাকিস্তান ম্যাচ নিয়ে গম্ভীরের কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন, 'আমরা এই ভেবে চ্যাম্পিয়ন্স ট্রফিতে যাই না যে ২৩ ফেব্রুয়ারি (পাকিস্তান বনাম ভারত) আমাদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ ম্যাচ। আমি মনে করি পাঁচটি ম্যাচের সবগুলোই গুরুত্বপূর্ণ। দুবাই যাওয়ার মিশন হল চ্যাম্পিয়ন্স ট্রফি জেতা, শুধুমাত্র একটি নির্দিষ্ট খেলা জেতা নয়।'
সাম্প্রতিক সময়ে অফ ফর্মের কারণে সমালোচিত হতে হচ্ছে রোহিত শর্মা ও বিরাট কোহলিকে। চ্যাম্পিয়ন্স ট্রফিতে তাদের ভূমিকা কেমন হতে যাচ্ছে দলে; তা জানতে চাইলে গম্ভীর বলেন, 'আমি মনে করি রোহিত এবং বিরাট উভয়েই ড্রেসিংরুমে অনেক অভিজ্ঞতা যোগ করে। তারা ভারতীয় ক্রিকেটেও অনেক কিছু দিয়েছে। তাদের চ্যাম্পিয়ন্স ট্রফিতেও একটি বিশাল ভূমিকা পালন করতে হবে।' আগামী ২০ ফেব্রুয়ারি বাংলাদেশের বিপক্ষে ম্যাচ দিয়ে চ্যাম্পিয়ন্স ট্রফি মিশন শুরু হবে ভারতের। যাকে চ্যালেঞ্জ হিসেবেই দেখছেন গম্ভীর। বলেন, 'চ্যাম্পিয়ন্স ট্রফি ৫০-ওভারের বিশ্বকাপের তুলনায় একটি সম্পূর্ণ ভিন্ন চ্যালেঞ্জ। কারণ আক্ষরিক অর্থে প্রতিটি খেলায় একটি ছোট ব্রেক পাবেন। তাই আপনি এই টুর্নামেন্টে কোথাও থামতে পারবেন না। আশা করি আমরা সত্যিই ভাল শুরু করতে যাচ্ছি। কারণ শেষ পর্যন্ত প্রতিযোগিতায় টিকে থাকতে এবং শিরোপা জিততে আপনাকে পাঁচটি ম্যাচই জিততে হবে।'

# ভারতের ম্যাচে ভারতের রেফারি, আইসিসির বিরুদ্ধে পক্ষপাত ও দুর্নীতির অভিযোগ



**আপনজন ডেস্ক:** ভারতের বিপক্ষে ইংল্যান্ডের পাঁচ টি-টোয়েন্টির সিরিজ শেষ, তবে সিরিজের মধ্যে শুরু হওয়া বিতর্কের রেশ শেষ হচ্ছে না। চতুর্থ টি-টোয়েন্টিতে শিবম দুবের কনকাশন বদলি হিসেবে হর্ষিত রানাকে নামানোয় ভারতীয় দলের সমালোচনা তো হচ্ছেই, সেই সঙ্গে আঙুল উঠছে ম্যাচ রেফারির দিকে। ভারতের ঘরের মাটিতে হওয়া সিরিজটিতে ম্যাচ রেফারি ছিলেন ভারতের সাবেক ক্রিকেটার জাভাগাল শ্রীনাথ। ইংল্যান্ডের সাবেক ক্রিকেটার ও ম্যাচ রেফারি ক্রিস ব্রড এ নিয়ে প্রশ্ন তুলেছেন। তাঁর অভিযোগ, ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা পক্ষপাত ও দুর্নীতির পুরোনো দিনে ফিরে যাচ্ছে। ভারতের কিংবদন্তি ক্রিকেটার সুনীল গাভাস্কার অবশ্য শ্রীনাথের বিরুদ্ধে আরও বড় অভিযোগই তুলেছেন। তাঁর মতে, সে দিন দুবের জন্য কনকাশন বদলিই দেওয়া ঠিক হয়নি। শুক্রবার পুনের ম্যাচের কনকাশন বদলি নিয়ে বিতর্কের জেরে ইংল্যান্ডের সাবেক অধিনায়ক কেভিন পিটারসেন রোববার এক্সে একটি পোস্ট দেন। সেখানে তিনি লেখেন, ওটা (দুবের জায়গায় হর্ষিত) কোনো মতেই লাইক ফর লাইক বদলি ছিল না। ম্যাচ রেফারির এ বিষয়টি মেনে নিয়ে বলা উচিত যে তাঁর ভুল হয়েছে। চিকিৎসক কর্তৃক একজন খেলোয়াড়ের কনকাশন (মাথায় আঘাতজনিত সমস্যা) নিশ্চিত করার পর খেলোয়াড় বদলের চূড়ান্ত অনুমোদন দিয়ে থাকেন ম্যাচ রেফারি। এ ক্ষেত্রে শ্রীনাথ ভারতীয় দলের প্রতি পক্ষপাত করেছেন বলে মনে করছেন আইসিসি এলিট প্যানেলের ম্যাচ রেফারি ক্রিস ব্রড। পিটারসেনের পোস্টে গিয়ে এই সাবেক ক্রিকেটার লেখেন, এ ধরনের পরিস্থিতি বন্ধ করার জন্য নিরপেক্ষ ম্যাচ অফিশিয়ালসকে দায়িত্ব দেওয়া উচিত। আইসিসি কেন পক্ষপাত ও দুর্নীতির সেই পুরোনো দিনগুলোতে ফিরছে? একই বিষয়ে অন্য একজনের জিজ্ঞাসার জবাবে ব্রড লেখেন, একজন ভারতীয় ম্যাচ রেফারি ভারতের এই বদলিতে অনুমোদন না দেবেন কেন? পক্ষপাত এড়ানোর জন্য নিরপেক্ষ ম্যাচ অফিশিয়ালস দেওয়া উচিত। অবশ্য ব্রড নিজেও বেশ কয়েকবার ইংল্যান্ডের ম্যাচে রেফারির ভূমিকায় কাজ করেছেন। এখন পর্যন্ত ৬২২টি আন্তর্জাতিক ম্যাচ পরিচালনা করা এই রেফারি গত বছর মে মাসে ইংল্যান্ড-ভারত ম্যাচে রেফারির দায়িত্বে ছিলেন। এ বিষয়ে ব্রডের বক্তব্য জানতে ক্রিকবাজ তাঁর সঙ্গে যোগাযোগও করেছে। ব্রড শুধু বলেছেন, 'আমার কিছু বলার নেই।' তবে কনকাশন বদলিতে রেফারি শ্রীনাথের সিদ্ধান্ত সঠিক ছিল না বলে মনে করেন গাভাস্কারও। ভারতের কিংবদন্তি এ ক্রিকেটার টেলিগ্রাফে কলামে লিখেছেন, 'দুবে হেলমেটে আঘাত পাওয়ার পরও শেষ পর্যন্ত ব্যাটিং করে গেছে। এটা পরিষ্কার যে তার কনকাশন হয়নি। সুতরাং, কনকাশন বদলির অনুমতি দেওয়াই ঠিক ছিল না। হ্যাঁ, যদি ব্যাটিংয়ের সময়ই তাঁর মাসলে টান পড়ত, তাহলে বদলি দেওয়া যেতে পারত। কিন্তু সেটাও শুধু ফিল্ডিংয়ের জন্য, বোলিংয়ের জন্য নয়।' আর কনকাশন বদলি অনুমোদন ঠিক ধরে নিলেও 'লাইক ফর লাইক' বা একই ধরনের খেলোয়াড় হওয়া শর্ত দুবে-হর্ষিতের ক্ষেত্রে পূরণ হয়নি বলে মত গাভাস্কারের, দুবে ও হর্ষিতের মধ্যে মিল নেই। কেউ বলতে পারেন ওদের উচ্চতা একই, ফিল্ডিংয়ের মানও একই। এর বাইরে দুজন যে ধারার খেলোয়াড়, সে দিক থেকে কোনো মিলই নেই। এটা নিয়ে ইংল্যান্ডের প্রতিক্রিয়া দেখানোর যথেষ্ট কারণ আছে। আর ভারতের এই দলটি দুর্দান্ত খেলোয়াড়ে ভরা, ম্যাচ জেতার জন্য এমন সব কাজ করে ভাবমূর্তি নষ্ট করার দরকার নেই।

# স্পেনে রিয়াল-আতলেতিকোর আরও কাছে বার্সা, ইংল্যান্ডে লিভারপুলের বাধা আর্সেনাল



**আপনজন ডেস্ক:** মৌসুমের শেষ ধাপে প্রবেশ করেছে ইউরোপীয় ফুটবল। এখন থেকে ক্রমশ বাড়তে থাকবে শিরোপা লড়াইয়ের উত্তাপ। ধীরে ধীরে প্রতিদ্বন্দ্বিতাও সীমিত হয়ে পড়বে দুই-তিন দলের মধ্যে। অনেক লিগে অবশ্য এরই মধ্যে সেই ইঙ্গিতের দেখা মিলতে শুরু করেছে। প্রিমিয়ার লিগে যেমন শিরোপা লড়াইয়ের কেন্দ্রে চলে এসেছে লিভারপুল ও আর্সেনাল। আগামী কয়েক ম্যাচে হয়তো বাকিদের ধরা ছোঁয়ার বাইরে চলে যাবে এই দুটি দল।
একই চিত্র দেখা যাচ্ছে সিরি 'আ'তেও। এখানেও শিরোপা লড়াইয়ে নাপোলি ও ইন্টার মিলান বাকিদের পেছনে ফেলে এগিয়ে যাচ্ছে সামনের দিকে। লা লিগায় অবশ্য চিত্র খানিকটা ভিন্ন। এই লিগে দুই দল নয়, শিরোপা লড়াইয়ে আছে তিন দল। রিয়াল মাদ্রিদ, আতলেতিকো মাদ্রিদ এবং বার্সেলোনার তিন দলের মধ্যেই চলছে তুমুল প্রতিদ্বন্দ্বিতা। আর বুন্দেসলিগায় বায়ার্ন মিউনিখ এগিয়ে থাকলেও যেকোনো মুহূর্তে পাশার দান বদলাতে পারে বর্তমান চ্যাম্পিয়ন লেভারকুসেন।
ইংলিশ প্রিমিয়ার লিগে নিজের প্রথম মৌসুমেই দলকে লিগ জয়ের স্বপ্ন দেখাচ্ছেন লিভারপুল কোচ আর্নে স্লট। তাঁর অধীনে ম্যাচের পর ম্যাচে দারুণ নৈপুণ্য দেখিয়ে চলেছে অ্যানফিল্ডের ক্লাবটি। সর্বশেষ শনিবার রাতে বোর্নমাউথের বিপক্ষে লিভারপুল পেয়েছে ২-০ গোলের জয়। এই জয়ে ২৩ ম্যাচে ৫৬ পয়েন্ট নিয়ে শীর্ষস্থান আরও সুদৃঢ় করেছে 'অল রেড'রা। তবে এমন চোখধাঁধানো পারফরম্যান্সের পরও একেবারে নির্ভার থাকার সুযোগ নেই লিভারপুলের।
কারণ, লিভারপুলের ঠিক পেছনেই ছুটছে আর্সেনাল। গতকাল রোববার রাতে ম্যানচেস্টার সিটিকে ৫-১ গোলে উড়িয়ে দিয়েছে গানাররা। এই জয়ের পর আর্সেনালের পয়েন্ট এখন ৫০। তবে লিভারপুলের চেয়ে এক ম্যাচ বেশি খেলেছে তারা। লিভারপুল-আর্সেনালের পর তিনে আছে নটিংহাম ফরেস্ট। চলতি মৌসুমের অন্যতম চমক নটিংহামের পয়েন্ট ২৪ ম্যাচে ৪৭। অন্য দিকে এখনো চারে থাকা ম্যানচেস্টার সিটি এ মৌসুমটা যেন দ্রুত শেষ হলেই বাঁচে। ২৪ ম্যাচে ৪১ পয়েন্ট পাওয়া সিটির শিরোপা ধরে রাখার সম্ভাবনা এখন শুধুই কাগজে-কলমেই।
সিরি 'আ'তে এক ম্যাচ কম খেলে শীর্ষে থাকা নাপোলির ঘাড়ে নিশ্বাস ফেলছে ইন্টার মিলান। গতকাল রাতে অবশ্য নাপোলির সুযোগ ছিল নিজেদের খানিকটা এগিয়ে নেওয়ার। কিন্তু সামনে আসা সুযোগ কাজে লাগাতে পারেনি শীর্ষস্থানধারীরা। গতকাল রাতে প্রথম ম্যাচে মিলান ডার্বিতে এসি মিলানের সঙ্গে ১-১ ড্র করে ইন্টার। এরপর রোমার বিপক্ষে খেলতে নামে নাপোলি। ম্যাচটি জিতলে নিজেদেরকে ইন্টার থেকে আরেকটু এগিয়ে যেতে পারত তারা। কিন্তু ইন্টারের মতো তারাও শেষ পর্যন্ত হোঁচট খায়, ম্যাচ ড্র হয় ১-১ গোলে। এই দুই ম্যাচ শেষে নাপোলির পয়েন্ট ২৩ ম্যাচে ৫৪ এবং ইন্টারের ২২ ম্যাচে ৫১। এই দুই দল থেকে কিছুটা পিছিয়ে ২৩ ম্যাচে ৪৭ পয়েন্ট নিয়ে তিনে আছে আতালান্তা। তবে শিরোপা লড়াইয়ে থাকতে হলে আতালান্তাকে পাড়ি দিতে হবে লম্বা পথ।
লা লিগায় শুরুতে দাপট দেখালেও একপর্যায়ে বেশ পিছিয়ে পড়ে বার্সেলোনা। তবে এখন এসে আবারও লড়াই জমানোর ইঙ্গিত দিচ্ছে কাতালান ক্লাবটি। বিশেষ করে গতকাল আলাভেসের বিপক্ষে পাওয়া ১-০ গোলের জয়ে লা লিগার ত্রিমুখী লড়াইটাকে আরও জমিয়ে তুলল বার্সা। বার্সা মাঠে নামার আগে এসপানিওলের বিপক্ষে ১-০ গোলে হেরে যায় রিয়াল।
বর্তমানে ২২ ম্যাচে শীর্ষে থাকা রিয়ালের পয়েন্ট ৪৯। আর তিনে থাকা বার্সার সমান ম্যাচে ৪৫। অর্থাৎ রিয়াল ও বার্সার পয়েন্টের ব্যবধান মাত্র ৪। এই দুই দলের মাঝে অবশ্য আরও একটি দল আছে। ২২ ম্যাচে ৪৮ পয়েন্ট নিয়ে দুইয়ে আতলেতিকো মাদ্রিদ। রিয়ালের চেয়ে আতলেতিকো পিছিয়ে আছে মাত্র ১ পয়েন্টে। মাদ্রিদ ডার্বিতে পরের ম্যাচেই মুখোমুখি হবে এই দুই দল। রিয়ালের মাঠে সেই ম্যাচে জিতলে শীর্ষে উঠে আসবে দিয়েগো সিমিওনের দল। যদিও কাজটা মোটেই সহজ হবে না।

# তৃণমূল নেতা গিয়াসউদ্দিন বাবলুর উদ্যোগে ফুটবল উৎসব, রক্তদান ও বস্ত্র বিতরণ



**এম মেহেদী সানি ● বারাসত**

**আপনজন:** তৃণমূল সংসদ, বিধায়করা জনসংযোগ বাড়াতে শীতকালীন মরসুমে 'এমপি কাপ', 'এমএলএ কাপ' শীর্ষক ফুটবল-ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করে থাকে। এমনই উদ্যোগে শামিল হলেন বারাসত-১ পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি সংখ্যালঘু তৃণমূল কংগ্রেসের নেতা গিয়াস উদ্দিন মন্ডল বাবলু।
ছোটজাগুলিয়া বিডিও অফিস খেলার মাঠে বারাসত ব্লক-১ তৃণমূল কংগ্রেস মাইনোরিটি সেল আয়োজিত ওই ফুটবল উৎসবে ৮টি দল অংশগ্রহণ করে। দু'দিন ব্যাপী এই ক্রীড়ানুষ্ঠানের প্রথম দিন ছিল রক্তদান শিবির ও বস্ত্র বিতরণ। দর্শকে ঠাসা মাঠে রবিবার ফুটবল টুর্নামেন্টের সূচনা করেন বিশিষ্ট ফুটবলার রহিম নবী। উৎসবের আমেজ ছিল মাঠ জুড়ে, বিভিন্নভাবে সাজিয়ে তোলা হয়েছিল খেলার মাঠ। এ দিন বিকেলে ফুটবল মাঠে হাজির খাদ্য মন্ত্রী রথিন ঘোষ মহাশয়, সভাধিপতি নারায়ণ গোস্বামী, বিধায়ক রবিউল ইসলাম, পুরপ্রধান অশ্বিন মুখার্জি, পঞ্চায়েত সমিতির সভাপতি হালিমা বিবি, প্রধান অমল দাস প্রমুখ। সকলেই গিয়াস উদ্দিন মন্ডল বাবলুর উদ্যোগকে সাধুবাদ জানান। ৮ দলীয় ফুটবল প্রতিযোগিতায় জয়ী টিমকে দেওয়া হয়েছে ১ লক্ষ ২০ হাজার টাকা। রানার্স টিমকে দেওয়া হয়েছে ১ লক্ষ টাকা।
বিখ্যাত ফুটবলার রহিম নবী এদিন সকলকে খেলাধূলার সঙ্গে জুড়ে থাকার আহ্বান জানিয়ে বলেন, খেলাধুলো করলে শরীর ও মন ভালো থাকে। প্রত্যেককে খেলাধূলার সঙ্গে জুড়ে থাকা উচিত। খেলাধূলায় সকলকে এগিয়ে আসতে হবে। যদি সৌজন্য প্রদর্শনী খেলা কোথাও হয় তবে তিনি সেখানেও যাবেন বলেও জানান। ফুটবল উৎসবের মুখ্য উদ্যোক্তা তৃণমূল নেতা গিয়াস উদ্দিন মন্ডল বাবলু বলেন আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় খেলাধুলোর মান উন্নয়নে ক্লাব গুলির পরিকাঠামোগত উন্নয়ন করেছেন। তাঁর দেখানো পথেই এলাকার ফুটবলের মান উন্নয়নে এই টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে। ফুটবল নিয়ে উন্মাদনা এ রাজ্যে এখনও চিরন্তন, সেটা এদিন ফুটবল ম্যাচ দেখতে আসা হাজার হাজার মানুষের উপস্থিতির মধ্যেই প্রমাণিত হয়েছে।

# ভক্ত এমবাপ্পেকে রোনাল্ডোর উপদেশ, নিজের মতো খেলো



**আপনজন ডেস্ক:** প্রথমেই একটি সরল অঙ্ক—একজন লোক কোনো একটি কাজে একটি কিশোরের আদর্শ। সময়ের পালাবদলে সেই লোকটির বয়স বাড়লেও কাজের ধার কমেনি। এর মধ্যে সে কিশোরও তারুণ্যে পা রেখে একই কাজে বিশ্বজুড়ে নাম কামিয়ে ফেলে। ওদিকে সেই লোকটির ঘরে তাঁর ছেলে আবার এই কাজেই বাবাকে ছেড়ে তরুণ ছেলেটির ভক্ত হয়ে ওঠে। ঘরে বাবাকে এসব সহ্য করেও ভালোবাসতে হয় সেই তরুণকে। বলতে হয়, আমি ওঁর আশপাশে থাকলে কাজটা আরও ভালোমতো শেখাতাম! প্রথম প্রশ্ন, কাজটি কী? দ্বিতীয় প্রশ্ন, লোকটি কে? তৃতীয় প্রশ্ন, তরুণটি কে? তবে বেশি ভণিতা হচ্ছে, মনে হলো অন্য কথা। আচ্ছা ভণিতা না করে উত্তরটা দেওয়া যাক। কাজটি হলো ফুটবল, লোকটি ক্রিস্টিয়ানো রোনাল্ডো, তরুণটি কিলিয়ান এমবাপ্পে। ছেলেটির পরিচয় তো না দিলেও চলে—সে যে রোনাল্ডোর সন্তান, সেটাও পরিষ্কার। এখন নাটকের স্ক্রিপ্টের মতো গল্পটা বলা যাক। সপ্তাহখানেক আগে স্পেনের ফ্রি টু এয়ার টিভি চ্যানেল 'লা সেক্সতা'য় রোনাল্ডোর সাক্ষাৎকারের টুকরা অংশ নিয়ে প্রতিবেদন করেছিল ইএসপিএন। এই সাক্ষাৎকার তখনো প্রচারিত হয়নি। সেখানে রোনাল্ডো জানান, তাঁর ছেলে মাতেও এমবাপ্পেকে 'খুব পছন্দ করে। মাঝেমধ্যে আমাকে বলে বাবা, এমবাপ্পে তোমার চেয়ে ভালো। আমি বলি, না, আমি তার চেয়ে ভালো, কারণ বেশি গোল করেছি।'







মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক**।
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**